



# বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩

(তথ্য অধিকার আইন, ২০০৯ মোতাবেক প্রকাশিত)



ঔষধ প্রশাসন অধিদপ্তর  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



# বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩



ঔষধ প্রশাসন অধিদপ্তর  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

উপদেষ্টা মেজর জেনারেল মোহাম্মদ ইউসুফ  
মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর।

সম্পাদনা পরিষদ	আসরাফ হোসেন, পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সম্পাদক
	মোঃ রফিকুল ইসলাম, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সদস্য
	মোঃ কামরুল হাসান, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সদস্য
	ফারজানা শবনম বৈশাখী, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সদস্য
	রোমেল মল্লিক, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সদস্য
	নুসরাত জাহান, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সদস্য
	হোসাইন মোহাম্মদ ইমরান, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর	সদস্য সচিব

সহযোগিতায় ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

তথ্য প্রদান ও ড্রাফট প্রস্তুতকরণ জনাব ফারজানা শবনম বৈশাখী  
সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর  
এবং  
জনাব মিনা হুদা জাহান  
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

প্রকাশকাল মে, ২০২৪

মুদ্রণ ও কারিগরী সহযোগিতায় U.S. Agency for International Development's (USAID) Promoting the Quality of Medicines Plus (PQM+) Program.

This document is made possible by the generous support of the American people through the U.S. Agency for International Development (USAID) Contract No. AID-7200AA19CA00025. The contents are the responsibility of author and do not necessarily reflect the views of USAID or the United States Government.

## সম্পাদনা পরিষদ



আসরাফ হোসেন  
পরিচালক

সম্পাদক



হোসাইন মোহাম্মদ ইমরান  
সহকারী পরিচালক

সদস্য সচিব



মোঃ রফিকুল ইসলাম  
সহকারী পরিচালক

সদস্য



মোঃ কামরুল হাসান  
সহকারী পরিচালক

সদস্য



ফারজানা শবনম বৈশাখী  
সহকারী পরিচালক

সদস্য




রোমেল মল্লিক  
ঔষধ তত্ত্বাবধায়ক

সদস্য



নুসরাত জাহান  
ঔষধ তত্ত্বাবধায়ক

সদস্য



## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

“সরকারি কর্মচারীদের জনগণের সাথে মিশে যেতে হবে। তারা জনগণের খাদেম, সেবক, ভাই। তারা জনগণের বাপ, জনগণের ছেলে, জনগণের সন্তান। তাদের এই মনোভাব নিয়ে কাজ করতে হবে।”

“সমস্ত সরকারি কর্মচারীকেই আমি অনুরোধ করি, যাদের অর্থে আমাদের সংসার চলে, তাদের সেবা করুন।”



মাতলীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



বাণী

মন্ত্রী  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আমি জেনে আনন্দিত যে, ঔষধ প্রশাসন অধিদপ্তর স্বাস্থ্য সেবায় তাদের চলমান নিরলস কার্যক্রম তুলে ধরে জনগণের তথ্য প্রাপ্তি সহজিকরণের অংশ হিসেবে প্রতি বছরের ন্যায় ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে। সকলের জন্য মানসম্পন্ন, নিরাপদ ও কার্যকর ঔষধ নিশ্চিতকরণে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন এ অধিদপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশের ঔষধ শিল্প কাঙ্ক্ষিত গতিতে এগিয়ে চলছে। দেশের চাহিদা মিটিয়ে বহিঃ বিশ্বের উন্নত দেশসহ প্রায় দেড় শতাধিক দেশে চলমান ঔষধ রপ্তানী আমাদেরকে বিশ্ব বাজারে আরও সুপরিচিত করছে যা ভবিষ্যতে বাংলাদেশের অর্থনীতিকে আরও সমৃদ্ধ করবে।

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নের সুখী ও সমৃদ্ধ সোনার বাংলা গড়ে তোলার লক্ষ্যে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত রূপকল্প বাস্তবায়ন ও ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার জন্য স্বাস্থ্য খাতের টেকসই উন্নয়নের বিকল্প নেই। সে লক্ষ্যে দেশের জনগণের স্বাস্থ্য সুরক্ষায় ঔষধ প্রশাসন অধিদপ্তর নীরলস কাজ করে চলেছে।

বার্ষিক প্রতিবেদন ঔষধ প্রশাসন অধিদপ্তর এর কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবে বলে আমি বিশ্বাস করি। সীমিত জনবল, স্বল্প বাজেট ও লজিস্টিক সাপোর্ট নিয়েও ঔষধ প্রশাসন অধিদপ্তর যে সুবিশাল কর্মযজ্ঞ পরিচালনা করে চলেছে তা প্রশংসার দাবীদার। সম্প্রতি মহান জাতীয় সংসদে ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩ পাশ হয়েছে। আমি আশা করি ঔষধ প্রশাসন অধিদপ্তরের কাজের গতি ও মান আরও বৃদ্ধি পাবে; কর্মকর্তাদের মেধা, সততা ও যোগ্যতা দিয়ে এ দেশের মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠা এবং ঔষধ শিল্পের বিকাশ ও উন্নয়নের ধারা অব্যাহত রাখবে।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু  
বাংলাদেশ চিরজীবী হোক।

ডা: সামন্ত লাল সেন  
মন্ত্রী  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



## মুখবন্ধ

### মহাপরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্যসেবা বিভাগের ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে সার্বিক কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন প্রকাশনা একটি নিয়মিত প্রয়াস। এই প্রকাশনাটি পূর্বের অর্থ বছর এবং আগামী অর্থবছরের সেতুবন্ধন হিসেবে কাজ করবে। এ বার্ষিক প্রতিবেদন সরকারি কার্যক্রমে গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের পাশাপাশি সরকারের গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যাবলি এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকান্ড ও অগ্রগতি সম্পর্কে দেশের জনগণকে সামগ্রিক ধারণা প্রদানে সক্ষম হবে বলে আমি আশা রাখি।

ঔষধ প্রশাসন অধিদপ্তর এ দেশের ঔষধের ও মেডিকেল ডিভাইস, ডায়েটারী সাপ্লিমেন্ট এবং কসমেটিকস্ এর লাইসেন্সিং ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে ও সার্বিক নির্দেশনায় এখন ডিজিটাল এবং স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এগিয়ে যাচ্ছে। ২০৩০ সালের মধ্যে এসডিজি এবং ২০৪১ সালের মধ্যে উন্নত সুখী-সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশের ঔষধ শিল্প দ্রুত বিকাশমান থ্রাস্ট সেক্টর হিসেবে ঘোষিত। দেশে উৎপাদিত ঔষধ দ্বারা স্থানীয় চাহিদার ৯৮% এরও বেশি মিটানো সম্ভব হচ্ছে। বাংলাদেশ বর্তমানে ইউরোপ ও আমেরিকাসহ বিশ্বের ১৫৭টি দেশে ঔষধ রপ্তানি করছে।

সীমাবদ্ধ সম্পদ ও বিপুল জনগোষ্ঠী নিয়ে এ অর্জন যে প্রশংসনীয় ব্যাপার তা জাতীয়সহ আন্তর্জাতিক অঙ্গনে সবাই স্বীকার করেন। স্বাস্থ্য খাতের এই অর্জনের জন্য ৩টি জাতিসংঘ পুরস্কারসহ ১৬টি আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা অর্জন করেছে বাংলাদেশের স্বাস্থ্য খাত। এর মধ্যে এমডিজি অ্যাওয়ার্ড, সাউথ সাউথ অ্যাওয়ার্ড বিশেষভাবে উল্লেখযোগ্য। করোনা ভাইরাস ও ডেঙ্গু মহামারি মোকাবেলায় এখন পর্যন্ত বাংলাদেশ যথেষ্ট সফলতার পরিচয় দিয়েছে, যা বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে।

ঔষধের বাজার নিয়ন্ত্রণ করার পাশাপাশি জাতিকে নিরাপদ ও মান সম্পন্ন ঔষধ নিশ্চিত করা ঔষধ প্রশাসনের প্রধান কাজ। ঔষধ প্রশাসনের কার্যক্রম যুগোপযোগী করার জন্য সম্প্রতি 'ঔষধ ও কসমেটিকস্ আইন ২০২৩' মহান জাতীয় সংসদে পাশ হয়েছে। এর ফলে ঔষধ প্রশাসনের কার্যক্রম আরও বেগবান হয়েছে এবং বাংলাদেশে উৎপাদিত ভ্যাক্সিন বিদেশে রপ্তানি করার দ্বার উন্মোচিত হয়েছে।

ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক সম্পাদিত কাজের পরিমাণ যেমন বিস্তীর্ণ তেমন কাজের প্রকৃতিও নানা ধরনের। নানা কার্যক্রমের মধ্যে নকল, ভেজাল, আন-রেজিস্টার্ড, কাউন্টারফিট, মিসব্যাণ্ডেড ঔষধ বিক্রয়/বিতরণের অপরাধে মামলা দায়ের এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ সম্পাদিত কার্যক্রম ছাড়াও জনগণের জ্ঞাতার্থে ঔষধ প্রশাসন অধিদপ্তরে বিভিন্ন কার্যক্রমের আবেদনের সাথে দাখিলযোগ্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা, তথ্য প্রদানকারী কর্মকর্তাদের তালিকা, ঔষধ প্রশাসনের বিভিন্ন জেলা কার্যালয়ের ঠিকানা, অত্যাবশ্যকীয় ঔষধের তালিকা, সিটিজেন চার্টার, এডিআর রিপোর্টিং ফর্মসহ বিভিন্ন তথ্যাদি এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। ঔষধ খাতের উন্নয়নের এ অগ্রযাত্রা অব্যাহত রেখে মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী ও বলিষ্ঠ নেতৃত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়াই আমাদের অঙ্গীকার।

বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রণয়ন ও প্রকাশের সাথে সম্পৃক্ত ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জানাই আন্তরিক ধন্যবাদ।

মেজর জেনারেল মোহাম্মদ ইউসুফ  
মহাপরিচালক  
ঔষধ প্রশাসন অধিদপ্তর



## সম্পাদকীয়

পরিচালক  
ঔষধ প্রশাসন অধিদপ্তর  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ঔষধ প্রশাসন অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন একটি ঔষধ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে কাজ করে যাচ্ছে। মানব ও প্রাণী সম্পদ/স্বাস্থ্য রক্ষার্থে মানসম্পন্ন, নিরাপদ ও কার্যকর ঔষধ (ঔষধ, ভ্যাক্সিন, মেডিকেল ডিভাইস, আই ভি ডি) এর সহজ প্রাপ্যতা সুলভ মূল্যে নিশ্চিত করাই ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান লক্ষ্য। যে লক্ষ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থার দিকনির্দেশনা অনুযায়ী কার্যকর ঔষধ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ৯টি ফাংশন মোতাবেক ঔষধ প্রশাসন অধিদপ্তর কাজ করে যাচ্ছে। যাতে করে দেশের চাহিদা মিটিয়েও বৈদেশিক পরিমন্ডলে বাংলাদেশের ঔষধ গ্রহণ যোগ্যতা পায়।

ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিগত বছরের সার্বিক কর্মকান্ড জনগণের জ্ঞাতার্থে স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের অভিপ্রায়ে ঔষধ প্রশাসন অধিদপ্তর প্রতিবছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে। এরই ধারাবাহিকতায় ২০২২-২০২৩ অর্থ বছরে ঔষধ প্রশাসন কর্তৃক সম্পাদিত কর্মকান্ডের প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করা হচ্ছে। আইন মোতাবেক তথ্য পাওয়া জনগণের অধিকার।

সময়ের সাথে সাথে দেশের ঔষধ শিল্প বিস্তৃত হচ্ছে। দ্রুত বিকাশমান এ শিল্প এবং ক্রমবর্ধমান ঔষধের বাজার নিয়ন্ত্রণে ঔষধ প্রশাসনের কর্মকান্ডের পরিধিও প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। এ প্রতিবেদনে সিটিজেন চার্টার, তথ্য প্রদানকারী কর্মকর্তাদের তালিকা, ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট, মানব সম্পদ উন্নয়ন বিষয়ক কার্যক্রম, ফার্মাকোভিজিগ্যাস সংক্রান্ত কার্যক্রম, জাতীয় শুদ্ধাচার কৌশল, ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম, এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রার্স রোধে গৃহীত কার্যক্রম, তথ্য প্রযুক্তির ব্যবহার, ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাম্প্রতিক অর্জিত সাফল্য, অধিদপ্তরের সীমাবদ্ধতা ও নিরসনের উপায় এবং ভবিষ্যৎ পরিকল্পনা সন্নিবেশ করা হয়েছে।

জনসাধারণের সুবিধার্থে এবং সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যে প্রতিবেদনের পরিশিষ্ট হিসেবে ঔষধ প্রশাসন অধিদপ্তরে বিভিন্ন কার্যক্রমের আবেদনের সাথে দাখিলযোগ্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা, Over the Counter (OTC) ঔষধের তালিকা, অত্যাবশ্যকীয় ঔষধের তালিকা, বিভিন্ন ঔষধের থেরাপিউটিক ক্লাসভিত্তিক প্রণীত কোডের তালিকা, ঔষধ রপ্তানিকৃত দেশের তালিকা, অধিদপ্তরের অধীন জেলা কার্যালয়সমূহের ঠিকানা ও বিভিন্ন কার্যক্রমের ফি-এর তালিকা সন্নিবেশ করা হয়েছে।

ঔষধ প্রশাসনের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ, ন্যাশনাল ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী NDCL, ঢাকা; এবং সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, চট্টগ্রাম প্রতি মাসের সম্পাদিত কর্মকান্ডের প্রতিবেদন (হার্ড ও সফটকপি) ঔষধ প্রশাসন অধিদপ্তরে প্রেরণ করে থাকে। উক্ত প্রতিবেদনের কপি অধিদপ্তরের তথ্য কোষে সংরক্ষণ করা হয়। এছাড়াও প্রধান কার্যালয়ের বিভিন্ন শাখা কর্তৃক সম্পাদিত কর্মকান্ডের ডাটা/উপাও (পত্রাদির কপি) নিয়মিত তথ্য কোষে সংরক্ষণ করা হয়। অধিদপ্তরের প্রশাসন ও হিসাব শাখা হতে সংগৃহীত তথ্যাদিও তথ্যকোষে সংরক্ষণ করা হয়। তথ্যকোষে সংরক্ষিত তথ্যাদি হতে ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন তথ্যাদি এ প্রতিবেদনে সন্নিবেশিত হয়েছে।

ঔষধ প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক প্রেরিত/সরবরাহকৃত তথ্যের ভিত্তিতেই প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। তাদের সহযোগিতা ছাড়া এ তথ্যসমৃদ্ধ প্রতিবেদনটি প্রণয়ন করা সম্ভব হতো না। এ বার্ষিক প্রতিবেদন প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় প্রতিবেদনটি প্রণয়ন ও প্রকাশের বিষয়ে দিক নির্দেশনা ও পরামর্শ দিয়েছেন, উৎসাহ ও প্রেরণা যুগিয়েছেন। প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশে মহাপরিচালক মহোদয়ের আন্তরিক সহযোগিতা এবং পরামর্শের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি।

প্রতিবেদনটি নির্ভুলভাবে প্রণয়নে আন্তরিকতা ও প্রচেষ্টার ঘাটতি ছিল না, তারপরও ভ্রান্তি থেকে যেতেই পারে। জনগণ ও সকল স্টেকহোল্ডারদের গঠনমূলক সমালোচনা ও পরামর্শ প্রত্যাশা করছি। পরামর্শ পেলে আগামী বছরগুলোতে আরও শুদ্ধরূপে বস্তুনিষ্ঠ প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ সম্ভব হবে।

  
আসরাফ হোসেন  
পরিচালক, সম্পাদক

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
১	ভূমিকা	১
২	ঔষধ প্রশাসন অধিদপ্তরের পটভূমি ও প্রতিষ্ঠা	১
৩	ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩	১
৪	ঔষধ প্রশাসন অধিদপ্তরের জনবল কাঠামো	৩-৫
৪.১	ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদিত ও কর্মরত জনবলের তথ্যাদি	৩
৪.২	জনবলের পদোন্নতি	৪
৪.৩	ঔষধ প্রশাসন অধিদপ্তরে কর্মরত জনবলের প্রশিক্ষণ কার্যক্রম	৫
৫	ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যাবলী	৫
৬	সিটিজেন চার্টার	৬-১০
৭	ঔষধ প্রশাসন অধিদপ্তরের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া	১০-১১
৮	ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন গাইডলাইন প্রণয়ন	১১-১২
৯	২০২২-২০২৩ অর্থ বছরে ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন ক্ষেত্রে অর্জিত সাফল্য	১২-২১
৯.১	ঔষধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও রপ্তানী	১২
৯.২	বিশ্বমানের ঔষধ উৎপাদনের সক্ষমতা	১২
৯.৩	এপিআই পার্ক	১৩
৯.৪	ন্যাশনাল কন্স্ট্রোল ল্যাবরেটরীকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণ	১৩-১৪
৯.৫	ঔষধ নিয়ন্ত্রণ ব্যবস্থা আরও শক্তিশালীকরণ	১৫
৯.৬	মেডিক্যাল ডিভাইসের রেজিস্ট্রেশন প্রদান ও মূল্য নিয়ন্ত্রণ	১৫
৯.৭	ঔষধের যৌক্তিক ব্যবহার নিশ্চিতকল্পে মডেল ফার্মেসী ও মডেল মেডিসিন শপ স্থাপন	১৫
৯.৮	ফার্মাকোভিজিল্যান্স সংক্রান্ত কার্যক্রম	১৫
৯.৯	ক্লিনিক্যাল ট্রায়াল	১৫-১৭
৯.১০	ঔষধ প্রশাসন অধিদপ্তরের Antimicrobial Resistance সংক্রান্ত কার্যক্রম	১৭-২১
১০	ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক পরিচালিত কিছু বিশেষ অভিযান	২১-২৩
১১	ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরে সম্পাদিত কার্যাবলী	২৪
১২	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিসংখ্যান	২৪-২৫
১৩	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকান্ড	২৬-৩২
১৩.১	২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত খুচরা ড্রাগ লাইসেন্স নবায়নের তুলনামূলক পরিসংখ্যান	২৬
১৩.২	২০১৮-২০১৯ হতে ২০২২- ২০২৩ অর্থ বছর পর্যন্ত পরিদর্শনকৃত ফার্মেসীর পরিসংখ্যান	২৬
১৩.৩	২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত পরিদর্শনকৃত ঔষধ প্রস্তুতকারী কারখানার তুলনামূলক পরিসংখ্যান	২৭
১৩.৪	ড্রাগ কোর্ট, ম্যাজিস্ট্রেট কোর্ট ও মোবাইল কোর্টে দায়েরকৃত মামলার বিবরণঃ ২০২২-২০২৩ অর্থ বছরে	২৭
১৩.৫	২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত দায়েরকৃত মামলার তুলনামূলক পরিসংখ্যান	২৮
১৩.৬	২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত রাজস্ব আদায়ের তুলনামূলক পরিসংখ্যান	২৮

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
১৩.৭	২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত পরীক্ষা ও বিশ্লেষণের নিমিত্ত ড্রাগ টেস্টিং ল্যাবরেটরীতে প্রেরিত ঔষধের নমুনার তুলনামূলক পরিসংখ্যান	২৯
১৩.৮	২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী কর্তৃক প্রাপ্ত নমুনা পরীক্ষা ও বিশ্লেষণ এর তুলনামূলক পরিসংখ্যান	২৯
১৩.৯	২০২২-২০২৩ অর্থ বছরে ঔষধ রপ্তানির জন্য ইস্যুকৃত CPP (Certificate of Pharmaceutical Product), রপ্তানি লাইসেন্স Form-10 A, GMP (Good Manufacturing Practices) সার্টিফিকেট, FSC (Free Sale Certificate) এর পরিসংখ্যান	৩০
১৩.১০	DGDA Alert Notice	৩০-৩২
১৪	তথ্য অধিকার আইন অনুযায়ী সরবরাহকৃত তথ্যের বিবরণী	৩৩
১৫	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মানব সম্পদ উন্নয়ন কার্যক্রম	৩৩-৪৩
১৫.১	দেশে প্রশিক্ষণ কর্মশালা: ২০২২-২০২৩	৩৩
১৫.২	বিদেশে প্রশিক্ষণ কর্মশালা: ২০২২-২০২৩	৩৪
১৫.৩	Assembly of the Members of the South East Asia Regulatory Network (SEARN)	৩৯
১৬	মাঠ-পর্যায়ে মার্কেট সার্ভিল্যান্স ও কন্ট্রোল (MC) বিভাগের কার্যক্রম	৪৪-৪৭
১৭	ঔষধ প্রশাসন অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট	৪৮-৫১
১৮	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩)	৫১-৫২
১৯	সেবা পদ্ধতি সহজিকরণ	৫২-৫৫
২০	ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম সম্পাদনা কমিটি	৫৬-৬০
২০.১	জাতীয় শুদ্ধাচার কৌশল	৫৬
২০.২	সিটিজেন চার্টার	৫৭
২০.৩	অভিযোগ নিমন্ত কর্মকর্তা (অনিক)	৫৮
২০.৪	ইনফরমেশন রেজিস্ট্রার ও Complain Box	৫৮
২০.৫	গণশুনানী	৫৯
২০.৬	ইনোভেশন টিম	৬০
২১	তথ্য প্রযুক্তির ব্যবহার	৬০
২২	ভবিষ্যৎ পরিকল্পনা	৬০-৬১
২৩	কর্মসম্পাদনের সমস্যা ও সুপারিশ	৬১-৬২
২৪	উপসংহার	৬২

## পরিশিষ্ট

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
ক.	ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের আবেদনের সাথে দাখিলযোগ্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা	৬৩-৭৯
ক.১	ঔষধ উৎপাদন কারখানা স্থাপনের নতুন প্রকল্প অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৬৩
ক.২	উৎপাদনের জন্য প্রচলিত অ্যালোপ্যাথিক ঔষধের রেসিপি অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৬৩
ক.৩	আইএনএন (INN) তালিকাভুক্ত পদের নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৪
ক.৪	নতুন অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স ইস্যুর জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৪
ক.৫	অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সে পদ অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৫
ক.৬	মোড়কসামগ্রী অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৬৫
ক.৭	দেশে উৎপাদিত ও মূল্য নিয়ন্ত্রিত তালিকাভুক্ত অ্যালোপ্যাথিক ঔষধের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ/মূল্য নিয়ন্ত্রণ তালিকা বহির্ভূত ঔষধের ভ্যাট প্রদানের নিমিত্তে নির্দেশক মূল্য সনদের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৫
ক.৮	ঔষধ উৎপাদনের নিমিত্তে আমদানীকৃত কাঁচামাল/প্যাকিং ম্যাটেরিয়াল-এর ব্লকলিস্ট অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৫
ক.৯	অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়নের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৬
ক.১০	অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স এর মালিকানা পরিবর্তন/স্থানান্তরের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৭
ক.১১	বিদেশী ঔষধের রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৭
ক.১২	ব্লাড ব্যাগ, নিডলস সহ সার্জিক্যাল ইকুইপমেন্ট ও মেডিকেল ডিভাইসেস আমদানীর আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৮
ক.১৩	আমদানীকৃত ঔষধের ইনডেন্ট/প্রোফরমা ইনভয়েস অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৮
ক.১৪	আমদানীকৃত কাঁচামাল/প্রস্তুতকৃত ঔষধের ছাড়পত্রের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৮
ক.১৫	আমদানীকৃত ঔষধের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ/পুনর্নির্ধারণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৬৯
ক.১৬	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধের রেসিপি অনুমোদনের জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি/তথ্যাদি	৬৯
ক.১৭	নতুন ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্স ইস্যুর জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৬৯
ক.১৮	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধের মোড়ক সামগ্রী অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭০
ক.১৯	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধের অনুমোদিত রেসিপি-এর নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭০
ক.২০	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্সে পদ অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৭০
ক.২১	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৭০
ক.২২	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা হস্তান্তরের পূর্বনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭১
ক.২৩	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন কারখানা স্থানান্তর অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭১
ক.২৪	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭১
ক.২৫	ইউনানী/আয়ুর্বেদিক/হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭১
ক.২৬	হোমিওপ্যাথিক ঔষধের রেসিপি অনুমোদনের জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি/তথ্যাদি	৭২
ক.২৭	নতুন হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স ইস্যুর জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৭২
ক.২৮	হোমিওপ্যাথিক ঔষধের অনুমোদিত রেসিপি এর নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭৩
ক.২৯	হোমিওপ্যাথিক ঔষধের মোড়ক সামগ্রী অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭৩
ক.৩০	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সে পদ অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৭৩
ক.৩১	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় ফি ও কাগজপত্রাদি	৭৩

পরিশিষ্ট

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
ক.৩২	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা হস্তান্তরের পূর্বানুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭৪
ক.৩৩	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন কারখানা স্থানান্তর অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭৪
ক.৩৪	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭৪
ক.৩৫	হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭৪
ক.৩৬	হোমিওপ্যাথিক কাঁচামাল আমদানীর ব্লকলিস্ট অনুমোদনের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭৫
ক.৩৭	হোমিওপ্যাথিক ঔষধ আমদানীর অনুমোদনের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রাদি/তথ্যাদি	৭৫
ক.৩৮	ঔষধ রপ্তানির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭৫
ক.৩৯	নতুন খুচরা অ্যালোপ্যাথিক/আয়ুর্বেদিক/ইউনানী/হোমিওপ্যাথিক ও বায়োকেমিক/হারবাল ড্রাগ লাইসেন্স এর জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭৬
ক.৪০	খুচরা অ্যালোপ্যাথিক/আয়ুর্বেদিক/ইউনানী/হোমিওপ্যাথিক ও বায়োকেমিক/হারবাল ড্রাগ লাইসেন্স নবায়ন এর জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭৬
ক.৪১	নতুন পাইকারী অ্যালোপ্যাথিক/আয়ুর্বেদিক/ইউনানী/হোমিওপ্যাথিক/হারবাল ড্রাগ লাইসেন্স এর জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭৬
ক.৪২	মেডিকেল ডিভাইস গাইড লাইন-২০১৫ মোতাবেক মেডিকেল ডিভাইস এর রেসিপি অনুমোদন ও রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি	৭৭
ক.৪৩	Application checklist for permission for Manufacture & Import of Medical Devices	৭৮
ক.৪৪	Criteria for CRO/Clinical Trial Centre:	৭৮
খ.	ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাদের দায়িত্ব (জব ডেসক্রিপশন)	৭৯-৮২
গ.	ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাদের নাম, কার্যালয়ের নাম ও পদবী	৮৩-৯১
ঘ.	তথ্য প্রদানকারী কর্মকর্তাদের তালিকা	৯১-৯৪
ঙ.	স্বপ্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা	৯৫-৯৭
চ.	অত্যাৱশ্যকীয় ঔষধের তালিকা (অ্যালোপ্যাথিক)	৯৮-১১০
ছ.	অত্যাৱশ্যকীয় আয়ুর্বেদিক ঔষধের তালিকা	১১০-১১১
জ.	অত্যাৱশ্যকীয় ইউনানী ঔষধের তালিকা	১১২-১১৭
ঝ.	অত্যাৱশ্যকীয় হোমিওপ্যাথিক ঔষধের তালিকা	১১৭-১২২
ঞ.	ব্যবস্থাপত্রবিহীন ঔষধের তালিকা (অ্যালোপ্যাথিক)	১২৩
ট.	ব্যবস্থাপত্রবিহীন আয়ুর্বেদিক ঔষধের তালিকা	১২৪
ঠ.	ব্যবস্থাপত্রবিহীন ঔষধের তালিকা (ইউনানী)	১২৪-১২৬
ড.	ASSIGNED CODE AGAINST THERAPEUTIC CLASS OF DRUG	১২৭-১২৯
<b>Annexure-3</b>		১৩০
ঢ.	ঔষধ প্রশাসন অধিদপ্তরের আওতাধীন জেলা কার্যালয় ও পরীক্ষাগারসমূহের ঠিকানা	১৩২-১৩৪
ণ.	ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের নির্ধারিত ফি	১৩৪-১৩৬

## ১। ভূমিকাঃ

ঔষধ প্রশাসন অধিদপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন দেশের ঔষধ (ঔষধ, ভ্যাক্সিন, মেডিকেল ডিভাইস, আই ভি ডি) নিয়ন্ত্রণকারী একমাত্র কর্তৃপক্ষ। এ প্রতিষ্ঠানের মূল লক্ষ্য মানসম্পন্ন, নিরাপদ ও কার্যকর ঔষধ উৎপাদন, আমদানি, রপ্তানি, বিক্রয়, বিতরণ এবং ঔষধের যৌক্তিক ব্যবহার নিশ্চিত করা। ৭ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে ঔষধ ও কসমেটিকস্ এর উৎপাদন, আমদানি, রপ্তানি, বিক্রয়, মঞ্জুত সংরক্ষণ, প্রদর্শন, বিতরণ ও মান নিয়ন্ত্রণের উদ্দেশ্যে এবং সর্বাধিকার পঞ্চদশ সংশোধনী আইন-২০১১ মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের আলোকে সকল প্রকার আইন বাংলায় ভাষান্তরিতকরণ এবং সামরিক শাসন আমলে প্রণীত অর্ডিন্যান্সসমূহ রহিত করার বাধ্যবাধকতা থাকায় The Drugs Act-1940 এবং The Drugs (Control) Ordinance-1982 কে একীভূত করে অন্যান্য দেশের ঔষধ ও কসমেটিকস্ আইনের সঙ্গে সামঞ্জস্য রেখে আন্তর্জাতিক নীতিমালা অনুসরণপূর্বক বাংলায় যুগোপযোগী ‘ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩’ মহান জাতীয় সংসদে পাশ হয়।

ঔষধ প্রশাসন অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ যথা- ঔষধ উৎপাদন কারখানার নতুন প্রকল্প মূল্যায়ন ও অনুমোদন, ঔষধ প্তুতের জন্য লাইসেন্স প্রদান ও নবায়ন, খুচরা ও পাইকারী ঔষধ বিক্রয় লাইসেন্স প্রদান ও নবায়ন, ঔষধের রেজিস্ট্রেশন প্রদান ও নবায়ন, ঔষধের মূল্য নির্ধারণ ও মূল্য সনদ প্রদান, ঔষধের কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য ব্লকলিস্ট অনুমোদন, ঔষধ আমদানির ক্ষেত্রে ইন্ডেন্ট অনুমোদন, আমদানিকৃত তৈরী ঔষধ ও ঔষধের কাঁচামালের ছাড়পত্র প্রদান, ঔষধ রপ্তানির জন্য লাইসেন্স, প্রদান Certificate of Pharmaceutical Product (CPP), Free Sale Certificate (FSC) ও Good Manufacturing Practice (GMP) সার্টিফিকেট প্রদানের জন্য প্রয়োজনীয় কাগজপত্র, বাৎসরিক বাজেট, বিগত বছরে সম্পাদিত কার্যক্রমের বিবরণী, জনবলের তথ্যাদি, পোস্ট মার্কেটিং সাভিল্যান্স, ফার্মাকোভিজিল্যান্স ইত্যাদি অন্তর্ভুক্ত করে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

ঔষধের মত জীবনরক্ষাকারী পণ্য ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট পেশাজীবী এবং জনগণ যাতে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারে, ঔষধ এবং ঔষধের নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণা পেতে পারে, দেশে উৎপাদিত, আমদানিকৃত ও বাজারজাতকৃত ঔষধের উপর মানুষের ধারণা স্পষ্ট হয়, আস্থা প্রতিষ্ঠিত হয় সেজন্য ঔষধ নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান সম্পর্কে এবং ঔষধ সংক্রান্ত তথ্যাদি মানুষের নিকট সহজলভ্য হওয়া প্রয়োজন। তথ্য পাওয়া জনগণের আইনগত অধিকার, সে লক্ষ্যেই বিগত বছরগুলোর মতোই ঔষধ প্রশাসন অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের সম্পাদিত কর্মকাণ্ডের প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গৃহীত হয়।

## ২। ঔষধ প্রশাসন অধিদপ্তরের পটভূমি ও প্রতিষ্ঠাঃ

১৯৭১ সালের পূর্বে ঔষধ প্রশাসন ছিল পাকিস্তান কেন্দ্রীয় সরকার পরিচালিত একটি দপ্তর। ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর দপ্তরটি স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের একটি সংযুক্ত বিভাগ হিসেবে কার্যক্রম পরিচালনা করে আসছিল। ১৯৭৪ সালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন একটি আলাদা পরিদপ্তর হয়। সর্বশেষ ২০১০ সালে ঔষধ প্রশাসন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তর দেশের ঔষধ নিয়ন্ত্রণের একমাত্র লাইসেন্সিং ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ। ঔষধ প্রশাসন অধিদপ্তর বিদ্যমান ঔষধ আইন, ঔষধনীতি ও সরকারের দিক নির্দেশনা প্রয়োগ ও অনুসরণপূর্বক ঔষধ নিয়ন্ত্রণ সংক্রান্ত সকল কর্মকাণ্ড পরিচালনা করে থাকে।

ঔষধ প্রশাসন অধিদপ্তরের অর্গানোগ্রামে মোট ৭২০ টি পদ রয়েছে। এর মধ্যে ২৬৬ টি প্রথম শ্রেণীর পদ, ৭৫ টি দ্বিতীয় শ্রেণীর পদ, ১৯৪ টি তৃতীয় শ্রেণীর পদ এবং ১৮৫ টি চতুর্থ শ্রেণীর পদ রয়েছে। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ (ড্রাগস্) হিসেবে ক্ষমতাপ্রাপ্ত। ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান কার্যালয় মহাখালী, ঢাকায় অবস্থিত এবং জেলা ও বিভাগ পর্যায়ে এর অধীন ৫৪ টি জেলা ও ২টি বিভাগীয় কার্যালয় রয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তরের আওতাভুক্ত ন্যাশনাল ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী, মহাখালী, ঢাকা এবং সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, চট্টগ্রাম নামীয় দুইটি ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী রয়েছে।

## ৩। ঔষধ ও কসমেটিকস্ আইন - ২০২৩ঃ

স্বাধীনতার পর ১৯৭৪ সালে ঔষধ প্রশাসন প্রতিষ্ঠালগ্ন থেকে Drug Act-1940 এবং ১৯৮২ সালে Drug Control Ordinance প্রণয়নের মাধ্যমে ঔষধের উৎপাদন, মান নিয়ন্ত্রণ, মূল্য নির্ধারণ, আমদানী রপ্তানীসহ বিবিধ বিষয় নিয়ন্ত্রণ করে আসছিল। উল্লিখিত আইনসমূহে নানান অসংগতি এবং নিত্য নতুন ঔষধের গবেষণা, উদ্ভাবন, নকল-ভেজাল ঔষধের বাজার নিয়ন্ত্রণে একটি যুগোপযোগী আইনের প্রয়োজনীয়তা দেখা দেয়। তাই ঔষধ ও কসমেটিকস্ এর উৎপাদন, আমদানী, রপ্তানী, ক্রয়-বিক্রয়, মঞ্জুত, সংরক্ষণ, প্রদর্শন বিতরণ ও মান নিয়ন্ত্রণের উদ্দেশ্যে Drug Act-1940 এবং Drug Control Ordinance-1982 রহিতক্রমে যুগোপযোগী ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩ গত ০৭ই সেপ্টেম্বর মহান জাতীয় সংসদে পাশ হয় এবং ২৯ নং আইন হিসাবে গত ১৮ই সেপ্টেম্বর, ২০২৩ আইনটি গেজেট আকারে প্রকাশিত হয়। এটি স্বাধীন সার্বভৌম বাংলাদেশের জাতীয় সংসদে পাসকৃত বাংলা ভাষায় প্রণীত একমাত্র ঔষধ ও কসমেটিকস্ আইন।

ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩ এ ১৪টি অধ্যায়, ৮৩টি ধারা এবং ১টি তফসিল রয়েছে। উক্ত আইনটির ঔষধ ও কসমেটিকস্ বিষয়ের উল্লেখযোগ্য দিক সমূহ নিম্নে সংক্ষেপে লিপিবদ্ধ করা হলো:



স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভায় মাননীয় সভাপতির নেতৃত্বে ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩ এর উপর আয়োজিত সভায় মাননীয় মন্ত্রী ও সম্মানিত সংসদ সদস্যবৃন্দ আলোচনার ধারণকৃত স্থিরচিত্র।

## ঔষধ সম্পর্কিত আইনটির উল্লেখযোগ্য বিষয়াদি নিম্নরূপঃ

- ১। নকল, ভেজাল ঔষধ উৎপাদন, মজুদ, বিক্রয়, বিতরণসহ অসং উদ্দেশ্যে ঔষধের কৃত্রিম সংকট তৈরি করে অধিক মুনাফার অভিপ্রায়ে ঔষধ মজুত করা সম্পর্কিত গুরুতর অপরাধসমূহকে আমলযোগ্য (Cognizable) এবং অ-জামিনযোগ্য (Non-bailable) করে যাবজ্জীবন কারাদন্ড অথবা অনূর্ধ্ব ১৪ (চৌদ্দ) বৎসরের সশ্রম কারাদন্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডের বিধান করা হয়েছে।
- ২। বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক WHO prequalified drug regulatory authority হিসেবে স্বীকৃতি পাওয়ার জন্য WHO-এর চাহিদা মোতাবেক ফার্মাকোভিজিল্যান্স, ভ্যাক্সিনের লট রিলিজ, ক্লিনিক্যাল ট্রায়াল ইত্যাদি বিষয়সমূহ আইনে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে, WHO Maturity Level-3 /WHO prequalified drug regulatory authority হিসেবে স্বীকৃতি পাওয়া সহজ হবে ও বাংলাদেশে উৎপাদিত ভ্যাকসিন রপ্তানি করা যাবে এবং দেশের EPI Programme এই ভ্যাকসিন ব্যবহার করা যাবে।
- ৩। WHO এর মতে প্রতিবছর ৫০ লক্ষ লোকের মৃত্যু হয় এ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স জনিত কারণে। এ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স বড় উদ্বেগের কারণ হলেও পূর্বের আইনসমূহে তা নিয়ন্ত্রণের কোন বিধিবিধান ছিল না। জনস্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স প্রতিরোধের লক্ষ্যে এ্যান্টিবায়োটিকের প্যাকেটে লাল রং এর মার্কিং এর নির্দেশনাসহ রেজিস্টার্ড চিকিৎসকের প্রেসক্রিপশন ব্যতীত এ্যান্টিবায়োটিক বিক্রয় আইনে শাস্তি যোগ্য অপরাধ করা হয়েছে।
- ৫। আধুনিক চিকিৎসা ব্যবস্থায় ঔষধের সঙ্গে বিভিন্ন ধরনের জীবন রক্ষাকারী মেডিকেল ডিভাইস যেমন: Cardiac Stent, Heart Valve, Intraocular Lens ইত্যাদি ব্যবহৃত হচ্ছে এবং এগুলোর ব্যবহার বর্তমানে ঔষধের সমপর্যায়ে। পৃথিবীর প্রায় সকল দেশেই Regulatory Authority ঔষধের সঙ্গে মেডিকেল ডিভাইস নিয়ন্ত্রণ করছে। তাই উক্ত আইনে মেডিকেল ডিভাইস অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ৬। আদালতে বিচারাধীন মামলার সংখ্যা দিনদিন বৃদ্ধি পাচ্ছে। তাই আদালতে মামলা দায়ের না করে ও ঔষধ পরিদর্শকগণ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে তফসিলে বর্ণিত ১৬ টি লঘু অপরাধের জন্য প্রশাসনিক জরিমানা আরোপ করতে পারবেন।
- ৭। নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে কোন ঔষধ ও ঔষধ তৈরির কাচামাল বিক্রয় করলে ২ বছরের কারাদন্ড অথবা অনধিক ২ লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয়দন্ডের বিধান করা হয়েছে।
- ৮। আইনটির ৫৮ ধারা তে তদন্ত ও তদন্তকারী কর্মকর্তা সম্পর্কে বিবৃত করা হয়েছে। ঔষধ পরিদর্শকগণ অভিযোগের তদন্ত করবেন এবং তদন্তকার্য পরিচালনা কালে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার ন্যায় ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

**কসমেটিকস্:** ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩ এর ২(৮) ধারায় কসমেটিকস্ এর সংজ্ঞা এবং ৫ম অধ্যায়ে ৩১-৩৫ ধারায় কসমেটিকস্ এর লাইসেন্স, নিবন্ধন, উৎপাদন, মান নিয়ন্ত্রণ, আমদানী, রপ্তানী বিষয়ে বিস্তারিত বিবরণ রয়েছে। তাছাড়া ৩৫(৩) ধারায় বিউটি পার্লারে কসমেটিকস্ এর অপপ্রয়োগ ও অপব্যবহার রোধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বিধান করা হয়েছে। ৭৬ (১) ধারায় কসমেটিকস্ এর বিধি প্রণয়ন সংক্রান্ত বিস্তারিত বিবরণ রয়েছে।

## কসমেটিকস্ সম্পর্কিত আইনটির উল্লেখযোগ্য বিষয়াদি নিম্নরূপঃ

- ১। কসমেটিকস্ জনস্বাস্থ্যের সাথে সরাসরি সম্পর্কিত। নকল, ভেজাল, মানহীন কসমেটিকস্ ব্যবহারের ফলে স্কীন ক্যানসার, কিডনি-ফুসফুস ও লিভার ডিজিজ, চোখের ইনফেকশন, ইরিটেশন, হৃদরোগসহ নানান ধরনের জটিলতার সৃষ্টি হতে পারে। তাই কসমেটিকস্-এর মান (Quality), নিরাপত্তা (Safety) এবং কার্যকারিতা (Efficacy) মূল্যায়ণপূর্বক রেজিস্ট্রেশন প্রদান, উৎপাদনে Good Manufacturing Practices (GMP) Compliance (প্রতিপালন), কসমেটিকস্ পণ্যের প্লাম্বপ্রতিক্রিয়া/ বিরূপ/ ক্ষতিকর প্রতিক্রিয়া পর্যবেক্ষণ, মূল্যায়ণ এবং তদানুযায়ী পদক্ষেপ গ্রহণ তথা Cosmetovigilance ইত্যাদি কর্মকাণ্ড পরিচালনা করা খুবই গুরুত্বপূর্ণ। তাই নকল, ভেজাল, মানহীন কসমেটিকস্ নিয়ন্ত্রণের লক্ষ্যে উক্ত আইনে শাস্তির বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ২। কসমেটিকস্ সম্পর্কিত বিষয়সমূহ অতীব গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য ইস্যু হওয়ায় India, Thailand, Singapore, Indonesia, Malaysia, Japan, Phillipines, USA, Canada সহ বিশ্বের প্রায় সকল রেগুলেটরী অথরিটি ঔষধ ও মেডিকেল ডিভাইস নিয়ন্ত্রণের পাশাপাশি কসমেটিকস্ নিয়ন্ত্রণ করে থাকে। ১৯৬২ সালে পার্শ্ববর্তী দেশ ভারত ড্রাগ অ্যাক্ট ১৯৪০ এ কসমেটিকস্ সংযুক্ত করে Drug & Cosmetics Act 1940 (Amendments) এর মাধ্যমে কসমেটিকস্ নিয়ন্ত্রণ করে আসছে।
- ৩। USFDA, EU, ASEAN সহ আন্তর্জাতিক সংস্থার মান অনুযায়ী কসমেটিকস্ এর মান নিয়ন্ত্রণের লক্ষ্যে মহাখালীস্থ ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের National Drug Control Laboratory (NDCL) সংলগ্ন ৫ কাঠা জমি ইতিমধ্যে সরকার কর্তৃক বরাদ্দ করা হয়েছে। ২টি বেইজমেন্টসহ ১২ তলা বিশিষ্ট Laboratory Complex ভবন নির্মাণ প্রকল্পে ADB এর ৫০ মিলিয়ন মার্কিন ডলার অর্থায়নসহ ৬১৩ কোটি ৪৪ লক্ষ টাকার প্রকল্পটি ইতিমধ্যে একনেকে অনুমোদিত হয়েছে। খুব শিঘ্রই উক্ত Lab Complex এ কসমেটিকস্ এর Quality, Safety, Efficacy, Cosmetovigilance সহ অন্যান্য পরীক্ষা ও বিশ্লেষণের কার্যক্রম শুরু হতে যাচ্ছে।

## ৪। ঔষধ প্রশাসন অধিদপ্তরের জনবল কাঠামোঃ

## ৪.১। ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদিত ও কর্মরত জনবলের তথ্যাদিঃ

- (ক) ২০১০ সালে ঔষধ প্রশাসন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করার সময় একজন মহাপরিচালক ও চার জন পরিচালক এর পদ সৃজনসহ অতিরিক্ত ১৫০ জনবল বরাদ্দকরতঃ মোট জনবল ৩৭০ জনে উন্নীত করা হয়।
- (খ) বিগত ১০/০৮/২০১৭ সালে স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন জনস্বাস্থ্য ইনস্টিটিউট এর সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত ডিটিএল (ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী) শাখার ৬০জন জনবলসহ ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করা হয়।
- (গ) ড্রাগ টেস্টিং ল্যাবরেটরীকে ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরীতে রূপান্তরের নিমিত্ত ২০১৭ সালে পূর্বের ৬০ জন জনবলের সাথে আরও ৬১ টি নতুন পদ সৃজন করা হয়।
- (ঘ) ২০১৮ সালে ঔষধ প্রশাসন অধিদপ্তরের জন্য তিন ধাপে আরো ২২৮ টি পদ সৃষ্টি করা হয় যার মধ্যে ২০১৯-২০২০ অর্থ বছরে ১২৬ টি এবং ২০২০-২০২১ অর্থ বছরে ৬৩ টি পদ সৃজনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মঞ্জুরী প্রদান করা হয়।
- (ঙ) বর্তমানে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে ৭২০ টি পদ রয়েছে (আউটসোর্সিং পদ সহ)।


## বর্তমানে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শূন্য পদের তথ্যাদি নিম্নরূপঃ

ক্রমিক নং	পদ বিন্যাস	মঞ্জুরীকৃত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদ
০১	১ম শ্রেণি	২৬৬	১৬২	১০৪
০২	২য় শ্রেণি	৭৫	২৭	৪৮
০৩	৩য় শ্রেণি	১৯৪	১১৮	৭৬
০৪	৪র্থ শ্রেণি (রাজস্ব)	১৪৪	৮৯	৫৫
০৫	৪র্থ শ্রেণি (আউট সোর্সিং)	৪১	২৮	১৩
মোট		৭২০	৪২৪	২৯৬

## ৪.২। জনবলের পদোন্নতিঃ

জনবলের নিয়মিত পদোন্নতি কার্যক্রম চলমান থাকলে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কর্মস্পৃহা তৈরী হয় এবং সেই সাথে কাজের মান ও গতিশীলতা বৃদ্ধি পায়। বর্তমান সরকার জনবলের পদোন্নতি ও শূন্যপদ পূরণে সদাসচেষ্টা ভূমিকা রেখে আসছে।

- ক) ০৩/০৩/২০২০ সালে ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্য থেকে ০৮ জনকে উপপরিচালক এবং ৪৪ জনকে সহকারী পরিচালক পদে এবং ২৫/০৮/২০২০ খ্রিঃ তারিখে ০৩ জন কর্মকর্তাকে ঔষধ পরিদর্শক হতে ঔষধ তত্ত্বাবধায়ক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- খ) ১৭/১১/২০২০ তারিখে ২৬ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- গ) ১৬/০৮/২০২১ তারিখে ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্য থেকে ০৪ জনকে সহকারী পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- ঘ) ১০/০১/২০২২ তারিখে ০৬ জন কর্মকর্তাকে পরিচালক পদে এবং ০২/০২/২০২২ তারিখে ০৬ জন কর্মকর্তাকে উপপরিচালক পদে চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।
- ঙ) ০৩/০৪/২০২২ তারিখে ০৩ জন কর্মচারীকে প্রধান সহকারী পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- চ) ১১/০৮/২০২২ তারিখে ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্য থেকে ০৩ জন কর্মকর্তাকে উপপরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- ছ) ২৯/০৮/২০২২ তারিখে ০১ জন কর্মকর্তাকে পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- জ) ১৭/১০/২০২২ তারিখে ০২ জন কর্মকর্তাকে পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- ঝ) ১৮/০৪/২০২৩ তারিখে ০১ জন কর্মকর্তাকে অতিরিক্ত মহাপরিচালক পদে চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।
- ঞ) ২৩/০১/২০২৪ তারিখে ০৪ জন কর্মকর্তাকে পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।



চিত্রঃ মহাপরিচালক মহোদয়ের সাথে দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত মহাপরিচালক (চ.দা.) মহোদয়।

### ৪.৩। ঔষধ প্রশাসন অধিদপ্তরে কর্মরত জনবলের প্রশিক্ষণ কার্যক্রমঃ

ঔষধ উৎপাদন ও এর মান-নিয়ন্ত্রণে যেমন উন্নত প্রযুক্তির প্রয়োজন হয় তেমনি শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন দক্ষ জনবলের প্রয়োজন হয়। সময়ের পরিক্রমায় নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবিত হচ্ছে। ঔষধ শিল্পে নিয়োজিত জনবলকে নিয়মিত ভাবে cGMP অনুসরণপূর্বক ঔষধ উৎপাদনে পারদর্শী করে গড়ে তোলার লক্ষ্যে ঔষধ প্রশাসনের ব্যবস্থাপনায় এবং উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কোয়ালিফাইড পার্সনদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত আছে।

জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ড্রাগ রেগুলেটরী অথরিটি এবং উন্নয়ন সহযোগী সংস্থার সহযোগীতায় এ অধিদপ্তরের কর্মকর্তাগণ নিয়মিতভাবে রাশিয়া, জাপান, কোরিয়া, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, সিঙ্গাপুর, জর্ডান, নেদারল্যান্ড, সুইজারল্যান্ড, কেনিয়া, ইন্ডিয়াসহ ইউরোপের বিভিন্ন দেশে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে।

### ৫। ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যাবলীঃ

সময়ের সাথে সাথে দেশের ঔষধ শিল্প বিস্তৃত হচ্ছে। বর্তমানে দেশে ২২৯ টি ফাংশনাল অ্যালোপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান প্রায় ৪৫,৯০৩ কোটি টাকার ঔষধ ও ঔষধের কাঁচামাল তৈরী করে। এছাড়া দেশের ২৮৬ টি ইউনানী ও ২০৭ টি আয়ুর্বেদিক এবং ৭১ টি হোমিওপ্যাথিক ও ৩৯ টি হার্বাল ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান প্রায় ১০০০ কোটি টাকার ঔষধ উৎপাদন করে থাকে। দেশে ২,১৬,৭৯১ টি লাইসেন্সধারী ফার্মেসী রয়েছে। বিধি মোতাবেক এসব ঔষধ প্রস্তুতকারী ও বিক্রয়কারী প্রতিষ্ঠানের যাবতীয় কর্মকান্ড নিয়ন্ত্রণ ও মনিটরিং এর দায়িত্ব ঔষধ প্রশাসন অধিদপ্তর নিষ্ঠার সাথে পালন করে থাকে। এছাড়াও নিম্নে ঔষধ প্রশাসন অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম উল্লেখ করা হল:

- ১) ঔষধ উৎপাদন কারখানা স্থাপনের নতুন প্রকল্প অনুমোদন।
- ২) উৎপাদনের জন্য প্রচলিত অ্যালোপ্যাথিক ঔষধের পদ রেজিস্ট্রেশনের প্রাথমিক আবেদন অনুমোদন।
- ৩) Non-compendial পদের Pre-registration নমুনা পরীক্ষা ও বিশ্লেষণ।
- ৪) নতুন অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স ইস্যু।
- ৫) অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সে পদ অন্তর্ভুক্তি/ রেজিস্ট্রেশন/ মার্কেটিং অথরাইজেশন প্রদান।
- ৬) অ্যালোপ্যাথিক ঔষধের মোড়কসামগ্রী অনুমোদন।
- ৭) দেশে উৎপাদিত ও মূল্য নিয়ন্ত্রিত তালিকাভুক্ত অ্যালোপ্যাথিক ঔষধের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণসহ MRP Certificate প্রদান/মূল্য নিয়ন্ত্রণ তালিকা বহির্ভূত ঔষধের ভ্যাট প্রদানের নিমিত্ত নির্দেশক মূল্য সনদ প্রদান।
- ৮) ঔষধ উৎপাদনের নিমিত্ত আমদানিকৃত কাঁচামাল/প্যাকেজিং ম্যাটেরিয়াল-এর ব্লকলিস্ট অনুমোদন।
- ৯) অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়ন।
- ১০) অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা পরিবর্তন/ স্থানান্তর/ নাম পরিবর্তন অনুমোদন।
- ১১) আমদানিকৃত ঔষধের রেজিস্ট্রেশন প্রদান।
- ১২) আমদানির নিমিত্ত ঔষধের ইনডেন্ট/ প্রোফরমা ইনভয়েস অনুমোদন।
- ১৩) আমদানিকৃত কাঁচামাল/ প্রস্তুতকৃত ঔষধের ছাড়পত্র প্রদান।
- ১৪) আমদানিকৃত ঔষধের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ/ পুণ: নির্ধারণ।
- ১৫) ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল/ হোমিওপ্যাথিক ঔষধের প্রাথমিক রেজিস্ট্রেশনের আবেদন অনুমোদন।
- ১৬) নতুন ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল/ হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স ইস্যুকরণ।
- ১৭) ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল/ হোমিওপ্যাথিক ঔষধের মোড়কসামগ্রী অনুমোদন।
- ১৮) ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল/ হোমিওপ্যাথিক ঔষধের রেজিস্ট্রেশনের নিমিত্তে নমুনা পরীক্ষা ও বিশ্লেষণ।
- ১৯) ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল/ হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সে পদ অন্তর্ভুক্তি/ রেজিস্ট্রেশন প্রদান।
- ২০) ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল/ হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়ন।
- ২১) ব্যক্তি মালিকানাধীন ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা হস্তান্তরের পূর্বানুমোদন প্রদান।
- ২২) ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল/ হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন কারখানা স্থানান্তর অনুমোদন।
- ২৩) ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল/ হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম পরিবর্তন অনুমোদন।
- ২৪) ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল/ হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা পরিবর্তন অনুমোদন।
- ২৫) হোমিওপ্যাথিক ঔষধের কাঁচামাল আমদানির ব্লকলিস্ট অনুমোদন।

- ২৬) হার্বাল ঔষধের কাঁচামাল আমদানির ব্লকলিস্ট অনুমোদন।
- ২৭) হোমিওপ্যাথিক ঔষধ আমদানির Indent অনুমোদন।
- ২৮) ঔষধ রপ্তানির নিমিত্ত CPP, FSC ও GMP সনদ ইস্যুকরণ।
- ২৯) নতুন খুচরা অ্যালোপ্যাথিক/ আয়ুর্বেদিক/ ইউনানী/ হোমিওপ্যাথিক ড্রাগ লাইসেন্স প্রদান।
- ৩০) নতুন পাইকারী অ্যালোপ্যাথিক/ আয়ুর্বেদিক/ ইউনানী/ হোমিওপ্যাথিক ড্রাগ লাইসেন্স প্রদান।
- ৩১) ফার্মাকোভিজিলেন্স সংক্রান্ত কার্যক্রম পরিচালনা।
- ৩২) মার্কেট সার্ভিল্যান্স কার্যক্রম পরিচালনা।
- ৩৩) দেশে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যান্স প্রতিরোধ ও নিয়ন্ত্রণে এন্টিমাইক্রোবিয়াল কনজামশন সার্ভিল্যান্স পরিচালনা করা এবং রেগুলেটরি সিদ্ধান্ত গ্রহণ করা।
- ৩৪) ঔষধের খুচরা ও পাইকারী ফার্মেসী, ডিপো এবং ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন।
- ৩৫) পরীক্ষা ও বিশ্লেষণের নিমিত্তে ঔষধের নমুনা উত্তোলন।
- ৩৬) ঔষধ আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে ড্রাগ কোর্ট, ম্যাজিস্ট্রেট কোর্ট ও মোবাইল কোর্টে মামলা দায়ের।
- ৩৭) আমদানিকৃত কাঁচামালের Source Validation করা।
- ৩৮) ঔষধের Clinical Trial পরিচালনার জন্য CRO ও Protocol অনুমোদন।
- ৩৯) মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশন প্রদান, মূল্য নির্ধারণ।
- ৪০) Vaccine- এর Lot release প্রদান।
- ৪১) বিদ্যমান ফার্মেসীকে মডেল ফার্মেসী/ মডেল মেডিসিন শপ - এ উন্নীতকরণ।
- ৪২) ঔষধের বিজ্ঞাপন অনুমোদন।
- ৪৩) Test analysis, Research/ ব্যক্তিগত ব্যবহার, বিশেষ প্রয়োজনে ঔষধ ও ঔষধের কাঁচামাল আমদানির NOC প্রদান।
- ৪৪) আইন লঙ্ঘনকারী লাইসেন্সধারী প্রতিষ্ঠানের লাইসেন্স সাময়িক বাতিল/ বাতিল করা, রেজিস্ট্রেশন সাময়িক বাতিল/ বাতিল করা।
- ৪৫) দেশের জরুরী প্রয়োজনে ঔষধ/ ভ্যাকসিন/ মেডিকেল ডিভাইসের Emergency Use Authorizaion প্রদান।

## ৬। সিটিজেন চার্টারঃ

### ভিশন ও মিশন

**রূপকল্প (Vision):** নিরাপদ, কার্যকর ও মানসম্পন্ন ঔষধ নিশ্চিত করা।

**অভিলক্ষ্য (Mission):** কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে নিরাপদ, কার্যকর ও মান-সম্পন্ন ঔষধ সহজলভ্যতা নিশ্চিতকরণঃ মানব ও প্রাণী সম্পদ/স্বাস্থ্য সুরক্ষা করা।

### প্রতিশ্রুত সেবাসমূহ (নাগরিক সেবা)ঃ

ক্র.	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের সময়সীমা	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি
০১	তথ্য প্রদান	সাধারণ জনগণ, সেবা প্রার্থীর ও স্টেক হোল্ডারগণ	২০ কর্মদিবস (ক্ষেত্রবিশেষে ৩০ কর্মদিবস)	তথ্য অধিকার আইন-২০০৯ এর বিধি-৮ মোতাবেক (ফরম-ঘ অনুযায়ী) তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/ তথ্যের মূল্য।
০২	ঔষধের নতুন কারখানা স্থাপনের নিমিত্ত প্রকল্প প্রস্তাব মূল্যায়ন ও অনুমোদন (অ্যালোপ্যাথিক, ইউনানী, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক ও হার্বাল)	বিনিয়োগকারী	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১২০ কর্ম দিবস	বিনামূল্যে

ক্র.	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের সময়সীমা	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি
০৩	জৈব ও অজৈব ঔষধ প্রস্তুতকরণ লাইসেন্স প্রদান	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১২০ কর্ম দিবস	নতুন লাইসেন্স ফিঃ বায়োলজিক্যাল-১,০০,০০০/- (এক লক্ষ টাকা) নন-বায়োলজিক্যাল-৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) ফি ব্যাংক জমা দিয়ে ট্রেজারী চালান এর মূল কপি (টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১১৩৩-০০১৫-০৩১১)
০৪	জৈব ও অজৈব ঔষধ প্রস্তুতকরণ লাইসেন্স নবায়ন।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৯০ কর্ম দিবস	লাইসেন্স নবায়ন ফি এর ট্রেজারী চালানের মূল কপি নন-বায়োলজিক্যাল ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়ন ফি ১৫,০০০/- বায়োলজিক্যাল লাইসেন্স নবায়ন ফি ৩০,০০০/- (টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১)
০৫	ইউনানী, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক ও হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্স প্রদান।	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১২০ কর্ম দিবস	১০০০০/- (দশ হাজার) টাকার ট্রেজারী চালানের মূল কপি টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১
০৬.	ইউনানী, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক ও হার্বাল ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়ন	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৬০ কর্ম দিবস	লাইসেন্স নবায়ন ফি এর ট্রেজারী চালানের মূল কপি লাইসেন্স নবায়ন ফি এর পরিমাণঃ ৫,০০০/- জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১
০৭.	ঔষধের রেসিপি অনুমোদন (Introduced Medicines)	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৯০ কর্ম দিবস	রেসিপি মূল্যায়ন ফি বাবদ ৫০০০/- টাকার ট্রেজারী চালানের মূল কপি। টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১
০৮.	নতুন ঔষধের রেসিপি অনুমোদন (Unintroduced Medicines)	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১২০ কর্ম দিবস	রেসিপি মূল্যায়ন ফি বাবদ ৫০০০/- টাকা হারে ট্রেজারী চালানের মূল কপি। টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১ হার্বাল রেসিপি মূল্যায়ন ফি বাবদ ৫০০/- টাকা হারে ট্রেজারী চালানের মূল কপি।
০৯.	অনুমোদিত রেসিপি নমুনা পরীক্ষার জন্য পরীক্ষাগারে প্রেরণের ব্যবস্থা গ্রহণ	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৭ কর্ম দিবস	INN পদের নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের ফি বাবদ ১৫,০০০/- টাকা ট্রেজারী চালানের মূল কপি। BP/USP পদের নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের ফি বাবদ ৫,০০০/-টাকার ট্রেজারী চালানের মূল কপি। (টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১১৩৩-০০১৫-০৩১১) ইউনানী/ আয়ুর্বেদিক/ হার্বাল ঔষধের নমুনা নমুনা পরীক্ষা ও বিশ্লেষণ ফি ৫০০/-টাকা হারে ট্রেজারী চালানো মূল কপি। টাকা জমা দেয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের চালান নং - ১-১-১১৩৩-০০১৫-০৩১১
১০.	লেবেল, কার্টন ও ইনসার্ট অনুমোদন করা	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ২০ কর্ম দিবস	বিনামূল্যে

ক্র.	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের সময়সীমা	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি
১১.	ঔষধ প্রস্তুতকরণের লাইসেন্স নতুন পদ অন্তর্ভুক্তি/ রেজিস্ট্রেশন	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৬০ কর্ম দিবস	অ্যালোপ্যাথিক প্রোডাক্ট অন্তর্ভুক্তি ফি বাবদ ১০,০০০/- টাকার ট্রেজারী চালানের মূল কপি। ইউনানী, আয়ুর্বেদিক, হার্বাল হোমিও ঔষধ উৎপাদন লাইসেন্স প্রাপ্ত পদ অন্তর্ভুক্তি ফি বাবদ ২০০০/- টাকা হারে ট্রেজারী চালানের মূল কপি টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১
১২.	সর্বোচ্চ খুচরা মূল্য অনুমোদন	ঔষধ আমদানিকারক ও উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৩০ কর্ম দিবস	বিনামূল্যে
১৩.	মার্কেটিং অথোরাইজেশন প্রদান	ঔষধ আমদানিকারক ও উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১৫ কর্ম দিবস	বিনামূল্যে
১৪.	চুক্তিভিত্তিক উৎপাদনের জন্য অনুমোদন	রপ্তানিকারক ও ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৬০ কর্ম দিবস	বিনামূল্যে
১৫.	ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা হস্তান্তরের পূর্বানুমোদন	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ২০ কর্ম দিবস	বিনামূল্যে
১৬.	ঔষধ উৎপাদন লাইসেন্সের মালিকানা পরিবর্তন	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৯০ কর্ম দিবস	(ক) এ্যালোপ্যাথিকঃ ১। বায়োলজিক্যাল ২,০০,০০০/- ২। নন- বায়োলজিক্যাল ১,০০,০০০/- (খ) ইউনানী, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক, বায়োকেমিক ও হার্বাল ৫০,০০০/- টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১
১৭.	GMP সনদ প্রদান	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৯০ কর্ম দিবস	বিনামূল্যে
১৮.	ঔষধ রপ্তানির লাইসেন্স প্রদান (Form-10A)	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১৫ কর্ম দিবস	বিনামূল্যে
১৯.	বিদেশে ঔষধ রপ্তানির জন্য CPP/FSC প্রদান	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৭ কর্ম দিবস	বিনামূল্যে
২০.	খুচরা ঔষধ বিক্রয়ের মডেল ফার্মেসী/ মডেল মেডিসিন শপ এর লাইসেন্স প্রদান	ঔষধ ব্যবসায়ী	৬০ দিন	লাইসেন্স নবায়ন ফি এর ট্রেজারী চালানের মূল কপি। (অ্যালোপ্যাথিকঃ পৌরসভা ও মেট্রোপলিটন এলাকার জন্য ২৫০০/- টাকা) ইউনিয়ন কাউন্সিলের অন্তর্ভুক্ত এলাকার জন্য ফি ১৫০০/- টাকা) ইউনানী, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক (পৌরসভা ও মেট্রোপলিটন এলাকার জন্য ফি ২০০০/- টাকা) ইউনিয়ন কাউন্সিলের অন্তর্ভুক্ত এলাকার ১,০০০/- টাকা) টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১

ক্র.	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের সময়সীমা	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি
২১.	খুচরা ঔষধ বিক্রয়ের লাইসেন্স/ মডেল ফার্মেসী/ মডেল মেডিসিন শপ এর লাইসেন্স নবায়ন	ঔষধ ব্যবসায়ী	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৭ কর্ম দিবস	লাইসেন্স নবায়ন ফি এর ট্রেজারী চালানোর মূল কপি। (অ্যালোপ্যাথিকঃ পৌর এলাকার ভিতরের জন্য ফি ১৮০০/- টাকা, পৌর এলাকার বাহিরের জন্য ফি-৭০০/- টাকা আয়ুর্বেদিক/ ইউনানী/ হোমিওপ্যাথিক বায়োকেমিক/ হারবালঃ পৌর এলাকার জন্য ১,৫০০/- টাকা) পৌর এলাকার বাহিরের জন্য ৭০০/- টাকা) টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১
২২.	পাইকারী ঔষধ বিক্রয়ের লাইসেন্স প্রদান	ঔষধ ব্যবসায়ী	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৩০ কর্ম দিবস	লাইসেন্স ফি বাবদ ১০,০০০/- টাকার ট্রেজারী চালানোর মূল কপি। টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১
২৩.	পাইকারী ঔষধ বিক্রয়ের লাইসেন্স নবায়ন	ঔষধ ব্যবসায়ী	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১৫ কর্ম দিবস	লাইসেন্স ফি বাবদ ৫০০০/- টাকার ট্রেজারী চালানোর মূল কপি। টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের কোডঃ ১-১-১১৩৩-০০১৫-০৩১১
২৪.	ঔষধ/ মেডিকেল ডিভাইস/IVD Reagent আমদানির জন্য প্রাথমিক রেজিস্ট্রেশন (রেসিপি) অনুমোদন।	ঔষধ আমদানিকারক	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৯০ কর্ম দিবস	ঔষধ/ মেডিকেল ডিভাইস আমদানির রেজিস্ট্রেশন রেসিপি মূল্যায়ন ফি বাবদ ৫,০০০/- টাকার ট্রেজারী চালানোর মূলকপি এবং ১৫% ভ্যাট প্রদানের চালান নং - ১-১-১১৩৩-০০১৫-০৩১১
২৫.	ঔষধ/ মেডিকেল ডিভাইস/IVD Reagent আমদানির প্রদান।	ঔষধ আমদানিকারক	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৯০ কর্ম দিবস	রেজিস্ট্রেশন ফি ও বিশ্লেষণ ফি ৫০,০০০/- টাকা টেজারী চালানোর মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের চালান নং - ১-১-১১৩৩-০০১৫-০৩১১
২৬.	ঔষধ/ মেডিকেল ডিভাইস/ IVD Reagent আমদানির রেজিস্ট্রেশন নবায়ন	ঔষধ আমদানিকারক প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৬০ কর্ম দিবস	রেজিস্ট্রেশন নবায়ন ফি ১০,০০০/- টাকা টেজারী চালানোর মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের চালান নং - ১-১-১১৩৩-০০১৫-০৩১১
২৭.	মাদকদ্রব্য জাতীয় কাচামাল আমদানির ব্লকলিস্টের পূর্বানুমোদন প্রদান	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৩০ কর্ম দিবস	বিনামূল্যে
২৮.	বিদেশ হতে ঔষধ/ মেডিকেল ডিভাইস IVD Reagent আমদানির পূর্বানুমোদন প্রদান	ঔষধ আমদানিকারক	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৪০ কর্ম দিবস	বিনামূল্যে
২৯.	মাদকদ্রব্য জাতীয় কাচামাল আমদানীর নিমিত্ত কোটা নির্ধারণ	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১৫ কর্ম দিবস	বিনামূল্যে

ক্র.	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের সময়সীমা	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি
৩০.	আমদানিকৃত ঔষধ, ঔষধের কাচামাল, প্যাকিং মেটেরিয়াল/ মেডিকেল ডিভাইস/IVD Reagent কাস্টমস্ কর্তৃপক্ষের নিকট হতে ছাড় করার প্রত্যয়ন পত্র প্রদান	ঔষধ আমদানিকারক ও ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৫ কর্ম দিবস	বিনামূল্যে
৩১.	কাঁচামালের সোর্স ভ্যালিডেশন	ইন্ডেন্ট/ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৪৫ কর্ম দিবস	প্রতিটি সোর্সের জন্য ৮০০০/- টাকা এবং প্রতিটি পদের জন্য ১০০০/- টাকা হারে ট্রেজারী চালানের মূল কপি টাকা জমা দেওয়ার কোডঃ ১২৭১৫০০০০১৮৬৩ এবং ১৫% ভ্যাট প্রদানের চালান নং - ১-১-১১৩৩-০০১৫-০৩১১
৩২.	ঔষধের বিজ্ঞাপন অনুমোদন	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৩০ কর্ম দিবস	বিনামূল্যে
৩৩.	প্রমোশনাল ম্যাটেরিয়াল অনুমোদন	ঔষধ আমদানিকারক ও ঔষধ উৎপাদনকারী	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৩০ কর্ম দিবস	বিনামূল্যে
৩৪.	ক্লিনিক্যাল রিসার্চ অরগানাইজেশন (CRO-Contract Research Organization) এবং ক্লিনিক্যাল ট্রায়াল এর প্রোটোকল এর অনুমোদন	ক্লিনিক্যাল রিসার্চ অরগানাইজেশন	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৪৫ কর্ম দিবস	বিনামূল্যে

### ৭। ঔষধ প্রশাসন অধিদপ্তরের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াঃ

ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকল ধরনের সিদ্ধান্ত নিম্নলিখিত প্রক্রিয়ায় সম্পন্ন হয়ঃ



ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের/সিদ্ধান্ত গ্রহণের জন্য নিম্নলিখিত কমিটিগুলো সহায়তা প্রদান করে থাকেঃ

- ১) ঔষধ নিয়ন্ত্রণ কমিটি।
- ২) ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব-কমিটি
- ৩) নতুন ঔষধ শিল্প স্থাপনের জন্য প্রকল্প মূল্যায়ন কমিটি
- ৪) ঔষধের মূল্য নির্ধারণ বিষয়ক কমিটি
- ৫) ঔষধের মূল্য নির্ধারণের টেকনিক্যাল সাব-কমিটি
- ৬) হার্বাল ঔষধ এডভাইজরী কমিটি (এর DCC/ টেকনিক্যাল সাব-কমিটি)
- ৭) স্ট্যান্ডিং কমিটি ফর ইমপোর্ট অব ফার্মাসিউটিক্যালস
- ৮) অ্যাডভার্স ড্রাগ রিয়েকশন অ্যাডভাইজরী কমিটি
- ৯) অ্যাডভার্স ড্রাগ রিয়েকশন মনিটরিং সেল
- ১০) জেলা ড্রাগ লাইসেন্সিং কমিটি
- ১১) জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত Action Committee
- ১২) টাস্কফোর্স টু মনিটর এন্টিমাইক্রোবিয়াল কনজামশন সার্ভিল্যান্স ইন বাংলাদেশ
- ১৩) ভ্যাক্সিনের মান নিশ্চিতকরণ বিষয়ক কমিটি
- ১৪) Expert Committee for Chemistry and Manufacturing of Vaccines and Bio-Products
- ১৫) Expert Committee for Clinical Study and Toxicology of Vaccines and Bio-Products
- ১৬) ঔষধ আপীল কর্তৃপক্ষ
- ১৭) National AEFI Advisory Committee for Covid-19 Vaccine
- ১৮) Adverse Drug Reaction Advisory Committee (ADRAC)
- ১৯) Clinical Trail Advisory Committee

এছাড়াও ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাগণ সরকারের বিভিন্ন সংস্থা যথা - জেলা টাস্কফোর্স, মোবাইল কোর্ট, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে ঔষধ সেস্টরের অনিয়ম প্রতিরোধ ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে থাকেন।

### ৮। ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন গাইডলাইন প্রণয়নঃ

ঔষধের গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে বিভিন্ন রেগুলেটরী গাইডলাইন প্রণয়ন ও অনুমোদিত হয়েছে। উল্লেখযোগ্য গাইডলাইনসমূহ হচ্ছে-

- Guidelines for Registration of Animal Vaccines
- NATIONAL GUIDELINE ON THE PHARMACOVIGILANCE
- Guideline for Medical Information on Packaging Materials
- Guideline for Dossier Evaluation by DGDA
- Guideline on Emergency Use Authorization (EUA) of COVID-19 Vaccines in Bangladesh
- AMC Surveillance Guideline for comments
- Guidelines for GMP, Import, Export and Destruction of Investigational Medical Products (IMPs) for Clinical Trials Bangladesh
- Guidelines on import procedures for medical products
- Guidelines for Registration of Human Vaccines
- Guideline on Good Manufacturing Practices: Water for Pharmaceutical use.WHO TRS 1033 Annex 3
- Guideline on Risk Based Post Marketing Surveillance (RB PMS) of Finished Medicinal Products
- Complain Guidelines of DGDA
- Guidelines on Procedures and Data Requirements for Changes to Approved Vaccines

- Guideline for Model Pharmacy
- Guidelines for Good Manufacturing Practice
- Pharmacy Management Guideline
- Guideline on Dedicated and Campaign Facility for Pharmaceuticals Production
- DGDA RIMS Guide Applicant Quick Start Guide
- Guideline for Contract Manufacturing (Toll Manufacturing) ইত্যাদি।

দেশের ঔষধ শিল্পের উন্নয়ন ও ঔষধ প্রশাসনের আন্তর্জাতিক মান অর্জনের ক্ষেত্রে প্রণীত গাইডলাইনসমূহ গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

### ৯। ২০২২-২০২৩ অর্থ বছরে ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন ক্ষেত্রে অর্জিত সাফল্যঃ


স্বাস্থ্য সেবা নিশ্চিত করা বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। এ লক্ষ্যে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মানসম্পন্ন ঔষধ ও সুলভ মূল্যে ঔষধ প্রাপ্তি নিশ্চিত করা স্বাস্থ্য সেবা প্রদানের একটি অন্যতম অনুষ্ণ যে কারণে বর্তমান সরকার ঔষধ প্রশাসন ও ঔষধ সেক্টরের উন্নয়নে নানাবিধ উন্নয়নমূলক কর্মকাণ্ড ইতোমধ্যে বাস্তবায়ন করেছে। ফলে দেশের জনগণের নিকট সুলভমূল্যে ঔষধ প্রাপ্তি নিশ্চিত হয়েছে। বর্তমান সরকারের সক্রিয় সহযোগিতায় বিগত এক বছরে ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন ক্ষেত্রে অর্জিত সাফল্যের চিত্র তুলে ধরা হলঃ

#### ৯.১ ঔষধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও রপ্তানিঃ

দেশীয় চাহিদার শতকরা প্রায় ৯৮ ভাগ ঔষধ বর্তমানে স্থানীয়ভাবে উৎপাদিত হচ্ছে এবং ইউরোপ, আমেরিকাসহ বিশ্বের ১৫৭ টি দেশে রপ্তানি হচ্ছে। সরকারের বিভিন্ন উদ্যোগের ফলে ঔষধ উৎপাদন এবং রপ্তানির পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

বিগত বৎসরের ঔষধ রপ্তানির পরিসংখ্যানঃ

ক্রমিক নং	অর্থ বছর	অনুমোদিত পরিমাণ (টাকায়)
০১	২০২০-২০২১	৬১,১৯,০৮,৭১,৯০৮/-
০২	২০২১-২০২২	৬৭,১৫,২৫,৬০,৩৭৯/-
০৩	২০২২-২০২৩	৯৩,৪৭,০৬,৯৭,৯৫১/-



#### ৯.২ বিশ্বমানের ঔষধ উৎপাদনের সক্ষমতাঃ

বাংলাদেশ এখন বিশ্বমানের ঔষধ উৎপাদনে সক্ষম। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঔষধ ও ঔষধের কাঁচামালকে Product of the Year-2018 এবং ঔষধ শিল্পখাতকে সরকার থ্রাস্ট সেক্টর হিসেবে ঘোষণা দিয়েছেন। দেশে বর্তমানে প্রায় সকল ডোজেস ফর্মের ঔষধসহ উচ্চ প্রযুক্তির ঔষধ যথা-ভ্যাক্সিন, ইনসুলিন, এ্যান্টি-ক্যান্সার জাতীয় ঔষধ ইত্যাদি উৎপাদিত হচ্ছে।

ঔষধের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে যেমন-বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সঙ্গে যোগাযোগ করা এবং বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির সাথে যৌথভাবে বিভিন্ন দেশে বাংলাদেশ ফার্মাসিউটিক্যালস মেলা আয়োজনসহ বিভিন্ন সেমিনার করার উদ্যোগ গ্রহণ এবং বিশ্ব বাজারে বাংলাদেশের ঔষধ প্রসারের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। যেমন-বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসের সঙ্গে যোগাযোগ করা এবং বাংলাদেশের ঔষধ শিল্প সমিতির সাথে যৌথভাবে বিভিন্ন দেশে বাংলাদেশ ফার্মাসিউটিক্যালস মেলা আয়োজনসহ বিভিন্ন সেমিনার করার উদ্যোগ গ্রহণ এবং বিশ্ববাজারে বাংলাদেশের ঔষধ প্রসারের উদ্যোগ গ্রহণ করা হয়।

### ৯.৩। এপিআই পার্কঃ

দেশে উৎপাদিত ঔষধের বেশিরভাগ কাঁচামাল বিদেশ হতে আমদানি করা হয়, এতে প্রচুর পরিমাণে বৈদেশিক মুদ্রা ব্যয় হয়। ঔষধ শিল্পকে সামগ্রিকভাবে আত্মনির্ভরশীল করার লক্ষ্যে বর্তমান সরকার দেশে পর্যাপ্ত সক্রিয় কাঁচামাল উৎপাদনের উদ্যোগ গ্রহণ করেছে। ইতোমধ্যে সরকার কর্তৃক ঢাকার অদূরে মুন্সিগঞ্জ জেলার গজারিয়ায় একটি এপিআই পার্ক স্থাপন করা হয়েছে। উক্ত প্রকল্পে মোট ৪৪ টি প্লট ঔষধের কাঁচামাল উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে উক্ত এপিআই পার্কে কয়েকটি প্রতিষ্ঠান উৎপাদন শুরু করেছে। এপিআই পার্কটিতে সকল প্রতিষ্ঠান পূর্ণরূপে চালু হলে ঔষধের কাঁচামাল উৎপাদনে দেশের চাহিদা মিটিয়ে ঔষধের কাঁচামাল উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বিদেশে রপ্তানি করা সম্ভব হবে।

### ৯.৪। ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরীকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণঃ

ঔষধের পরীক্ষা ও বিশ্লেষণের সুবিধাদি সৃষ্টির লক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তরের অধীন National Drug Control Laboratory (NDCL) এর Drug Testing Wing এবং Vaccine Testing Wing এর অবকাঠামো উন্নয়নসহ এবং অত্যাধুনিক যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে আন্তর্জাতিক মানে উন্নীত হয়েছে। এরই ধারাবাহিকতায় পর্যায়ক্রমে উক্ত ল্যাবরেটরী বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা কর্তৃক এক্রিডিটেশন সনদ পেয়েছে।

- ১) **Bangladesh Accreditation Board (BAB) এর এক্রিডিটেশন অর্জন- ২০১৭ঃ** Bangladesh Accreditation Board (BAB) কর্তৃক National Drug Control Laboratory এর Microbiology Laboratory ২০১৭ সালে ISO/IEC 17025:2005 প্রথম এক্রিডিটেশন সনদপ্রাপ্ত হয়েছে। পরবর্তীতে, উক্ত এক্রিডিটেশন ISO স্ট্যান্ডার্ড অনুযায়ী ISO/IEC 17025:2017 তে উন্নীত করেছে।
- ২) **ANAB Accreditation-2018:** National Drug Control Laboratory এর Drug Wing ২০১৮ সালে ANSI (American National Standards Institute) National Accreditation Board (ANAB) কর্তৃক ISO/IEC 17025:2017 এক্রিডিটেশন সনদপ্রাপ্ত হয়েছে। পরবর্তীতে প্রতি বৎসর ধারাবাহিকভাবে এবং সাফল্যের সাথে Surveillance সম্পন্নপূর্বক Test Scope এর সংখ্যা বৃদ্ধি পেয়েছে।
- ৩) **WHO Prequalification-২০২০:** মার্চ-২০২০ এ National Drug Control Laboratory- বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ড্রাগ টেস্টিং এর জন্য Pre-Qualification মর্যাদা অর্জন করেছে।

### আন্তর্জাতিক মানের টেস্ট এ সাফল্য অর্জনঃ

Proficiency Test (PT), Inter-Laboratory Testing (ILT)/ External Quality Assurance Assessment Scheme (EQAAS) by WHO, National Drug Control Laboratory এ পর্যন্ত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক আয়োজিত Proficiency Test (PT) Inter-Laboratory Testing (ILT)/External Quality Assurance Assessment Scheme (EQAAS) by WHO এ নিয়মিত অংশগ্রহণ করেছে এবং প্রায় ১০০ টেস্টে অংশ গ্রহণ করে সফলভাবে উত্তীর্ণ হয়েছে (সাফল্যের হার প্রায় শতভাগ)।

### ভ্যাকসিন টেস্টের নিমিত্ত WHO Maturity Level-3 অর্জনের জন্য চলমান কার্যক্রমঃ

জুলাই ২০২১ National Drug Control Laboratory Vaccine Testing এর ML-3 (Maturity Level-3) অর্জনের জন্য Formal Assessment সম্পন্ন হয়েছে।

ভ্যাকসিন টেস্টের সক্ষমতা বৃদ্ধির জন্য ইতোমধ্যে বিভিন্ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। ভ্যাকসিন টেস্ট কার্যক্রম জোরদার করার জন্য ইআরপিপি কর্তৃক বাস্তবায়নাব্যয়ী একটি কার্যক্রম চলমান আছে। ভ্যাকসিন টেস্টের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এনডিসিএল দেশে উৎপাদিত সমস্ত ভ্যাকসিনের টেস্টের সক্ষমতা অর্জন করেছে।

### Animal Laboratory:

ভ্যাকসিন টেস্টের জন্য Animal House এর আধুনিকায়নসহ National Drug Control Laboratory এর Animal Testing Laboratory তে ভ্যাকসিনের In Vivo টেস্টিং ব্যবস্থা চালু করা হয়েছে।

## মেডিকেল ডিভাইস ল্যাবরেটরীঃ

National Drug Control Laboratory তে মাস্ক, গ্লোভসসহ অন্যান্য পিপিই পরীক্ষার জন্য মেডিকেল ডিভাইস ল্যাবরেটরী স্থাপন করা হয়েছে। উক্ত ল্যাবে মাস্ক, গ্লোভসসহ অন্যান্য পিপিই টেস্টের ব্যবস্থা চালু করা হয়েছে। Medical Oxygen Test জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে। National Drug Control Laboratory (NDCL) এর উল্লিখিত অর্জনের ফলে ঔষধের আন্তর্জাতিক মানের পরীক্ষা ও বিশ্লেষণের ক্ষেত্রে আস্থা অর্জন করেছে। এতে করে ঔষধের গুণাগুণ বিশ্লেষণের মাধ্যমে SF Medicines (Substandard and Falsified Medicines), Medical Device সনাক্তকরার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

## ট্রেডিশনাল মেডিসিন ল্যাবরেটরীঃ

ঔষধ প্রশাসন অধিদপ্তরের সপ্তম তলায় আধুনিক যন্ত্রপাতিসহ ট্রেডিশনাল মেডিসিন ল্যাব স্থাপন করা হয়েছে।

## কসমেটিকস্ ল্যাবরেটরীঃ

ঔষধ প্রশাসন অধিদপ্তরের অষ্টম তলায় আধুনিক যন্ত্রপাতিসহ কসমেটিকস্ ল্যাব স্থাপন করা হয়েছে।

## প্রশিক্ষণ প্রদানঃ

বিভিন্ন সংস্থার অনুরোধে ঔষধ প্রশাসন অধিদপ্তরের ন্যাশনাল ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী (এনডিসিএল) বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করে থাকে। এ পর্যন্ত Bangladesh University of Engineering and Technology (BUET) এর তিন ব্যাচের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান করেছে।

## বিভিন্ন আন্তর্জাতিক কর্মকাণ্ডে অংশ গ্রহণঃ

1. **WHO Benchmarking:** ঔষধ প্রশাসন অধিদপ্তরের ন্যাশনাল ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী (এনডিসিএল) এর প্রতিনিধি WHO কর্তৃক আয়োজিত Benchmarking এ WHO GBT Assessor হিসেবে অংশ গ্রহণ করে থাকে।
2. **WHO Expert Advisory Panel:** ন্যাশনাল ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী (এনডিসিএল) এর প্রতিনিধি WHO Expert Advisory Panel for International Pharmacopoeia and Pharmaceutical Preparations এর সদস্য হিসেবে আন্তর্জাতিক পরিমন্ডলে বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক আয়োজিত বিভিন্ন কার্যক্রমে প্রতিনিধিত্ব করে থাকে।
3. **WHO Temporary Advisor:** ন্যাশনাল ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী (এনডিসিএল) এর প্রতিনিধি WHO এর Temporary Advisor হিসেবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক আয়োজিত বিভিন্ন সভা সমিতি/ ওয়ার্কশপে অংশগ্রহণ করে বিভিন্ন বিষয়ে মতামত প্রদান করে থাকে।
8. **South East Asian Regulatory Network (SEARN):** SEARN এর Working Group এর Chairman হিসেবে বিভিন্ন সভা/ ওয়ার্কশপে প্রতিনিধিত্ব করে বিভিন্ন Scientific Document/ Report/ Guideline/ WHO TRS ইত্যাদি তৈরীতে অবদান রেখে চলেছে। এ ছাড়া NDCL এর কর্মকর্তাগণ SEARN এর Working Group এর Rapporteur হিসেবেও দায়িত্ব পালন করে আসছে।

## WHO Prequalification (ML-3) :

বিশ্ব স্বাস্থ্য সংস্থার দিকনির্দেশনা অনুযায়ী একটি কার্যকর ঔষধ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ৯টি ফাংশন কাজ করে থাকে। ফাংশনগুলো হচ্ছে-

1. National Regulatory System (RS)
2. Registration and Marketing Authorization (MA)
3. Pharmacovigilance (VL)
4. Market Surveillance and Control (MC)
5. Licensing Premises (LP)
6. Regulatory Inspection (RI)
7. Laboratory Access and Testing (LA)
8. Clinical Trial Oversight (CT)
9. NRA Lot Release (LR)

আন্তর্জাতিক পরিমন্ডলে একটি কার্যকর ঔষধ নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) স্বীকৃতি পাওয়ার জন্য উল্লিখিত প্রতিটি ফাংশন যথাযথভাবে কার্যকর থাকতে হবে। ঔষধ প্রশাসন অধিদপ্তর WHO Maturity Level-3 অর্জনের লক্ষ্যে ২০২৩ সালে WHO সহ অন্যান্য উন্নয়ন সহযোগী (WHO, USAID, USP, MSH) প্রতিষ্ঠানের অংশ গ্রহণে দুইটি 5-Year Strategic Plan (2016-2022), (2022-2023) প্রণয়ন করা হয়েছে এবং সেই অনুযায়ী কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। উক্ত প্লান অনুসারে এই ৯ টি ফাংশন এর উপর ভিত্তি করে ঔষধ প্রশাসন অধিদপ্তরে ৯ টি সেল গঠন করা হয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তর WHO Maturity Level -3 অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় গাইডলাইন, এসওপি (SOP) তৈরী ও প্রণয়ন করার কাজ দ্রুত এগিয়ে চলছে যা কর্মসম্পাদন পদ্ধতিকে Standardized ও Harmonized করছে।

### ৯.৫ ঔষধ নিয়ন্ত্রণ ব্যবস্থা আরও শক্তিশালীকরণঃ

ঔষধ নিয়ন্ত্রণ ব্যবস্থা আরও শক্তিশালী করার লক্ষ্যে বর্তমান সরকারের উদ্যোগে ঔষধ প্রশাসন অধিদপ্তরের জন্য আরও নতুন ২২৮ (দুইশত আটাশ) জন জনবল অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকান্ড সুষ্ঠু ও কার্যকর ভাবে পরিচালনার লক্ষ্যে ৮ তলা ভিত্তির উপরে ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান কার্যালয় ভবনটির নির্মাণ সম্পন্ন হয়েছে। যার দুইটি ফ্লোর ট্র্যাডিশনাল মেডিসিন ল্যাব এর জন্য ব্যবহৃত হবে। এছাড়াও ঔষধ প্রশাসন অধিদপ্তরের চট্টগ্রামের বিভাগীয় কার্যালয় ভবন নির্মাণ করা হয়েছে। ঔষধের আমদানী ও রপ্তানি নিয়ন্ত্রণের জন্য ০৫ টি পোর্ট অফিসের কার্যক্রম চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ০২টি পোর্ট অফিস কার্যক্রম আরম্ভ হয়েছে।

### ৯.৬ মেডিক্যাল ডিভাইসের রেজিস্ট্রেশন প্রদান ও মূল্য নিয়ন্ত্রণঃ

মানসম্পন্ন মেডিকেল ডিভাইস নিশ্চিত করার লক্ষ্যে সরকার কর্তৃক মেডিক্যাল ডিভাইস রেজিস্ট্রেশন গাইডলাইন রয়েছে। আমদানিকৃত ও দেশে উৎপাদিত মেডিক্যাল ডিভাইসের রেজিস্ট্রেশন প্রদান করা হচ্ছে। মেডিক্যাল ডিভাইসের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ করে দেওয়া হচ্ছে। ইতোমধ্যে আমদানিকৃত ২৬২৭ টি B, C, D ক্যাটাগরির মেডিক্যাল ডিভাইসের রেজিস্ট্রেশন ও ৭০৫ টি A ক্যাটাগরির মেডিক্যাল ডিভাইসের অনুমোদন প্রদান করা হয়েছে। মেডিক্যাল ডিভাইসের মূল্য নির্ধারণ করে দেওয়ায় জনগণ সাশ্রয়ী মূল্যে মানসম্পন্ন মেডিক্যাল ডিভাইস পাচ্ছে। এগুলোর মধ্যে অন্যতম হচ্ছে- Cardiac Test, Intracular Lens, Heart Ring, Ring Accessories, Guide Wire Catheter, Heart Bulb, Pacemaker and Air Ring ইত্যাদি।

### ৯.৭ ঔষধের যৌক্তিক ব্যবহার নিশ্চিতকল্পে মডেল ফার্মেসী ও মডেল মেডিসিন শপ স্থাপনঃ

ঔষধের যৌক্তিক ব্যবহার নিশ্চিতকল্পে আধুনিক বিশ্বের আদলে উন্নত ফার্মেসী ব্যবস্থাপনার লক্ষ্যে দেশের সকল জেলায় মডেল ফার্মেসী স্থাপন করা হচ্ছে। মডেল ফার্মেসীসমূহ গ্র্যাজুয়েট ফার্মাসিস্ট কর্তৃক পরিচালিত হয়। বাংলাদেশের ফার্মেসী ব্যবস্থাপনাকে উন্নত করণের লক্ষ্যে বর্তমানে মডেল ফার্মেসী/ মডেল মেডিসিন শপ ছাড়া কোন নতুন ড্রাগ লাইসেন্স প্রদান করা হচ্ছে না এবং পুরাতন ফার্মেসীগুলোকেও মডেল ফার্মেসী/ মডেল মেডিসিন শপে উন্নীত করা হচ্ছে।

### ৯.৮ ফার্মাকোভিজিল্যান্স সংক্রান্ত কার্যক্রমঃ

ফার্মাকোভিজিল্যান্স কার্যক্রম পরিচালনার জন্য একটি গাইডলাইন রয়েছে। ফার্মাকোভিজিল্যান্স মনিটরিং এর জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের ADRM Cell, WHO Upsala Monitoring Centre এর ১২০ তম সদস্য। বর্তমানে ৭৫ টি হাসপাতাল ও ১০০ টি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান অনলাইনে ADR report National ADR সেলে জমা দিচ্ছে। রিপোর্টগুলোর casualty assess করে ব্যবস্থা গ্রহণ এবং VigiFlow তে রিপোর্টগুলো আপলোড করা হচ্ছে। ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ফার্মাকোভিজিল্যান্স কর্মকান্ড চালু করার জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে এবং প্রতিটি কোম্পানীতে একজন QPPV ম্যানেজারের মাধ্যমে কর্মকান্ড চলমান থাকে।

### ৯.৯ ক্লিনিক্যাল ট্রায়ালঃ

দেশে ক্লিনিক্যাল ট্রায়াল সুষ্ঠু ও কার্যকরভাবে পরিচালনার জন্য Good Clinical Practice (GCP) গাইডলাইন রয়েছে। ক্লিনিক্যাল ট্রায়াল পরিচালনার জন্য ১৮ টি CRO (Contract Research Organization) রয়েছে এবং জুন ২০২৩ পর্যন্ত ১১৩ টি ক্লিনিক্যাল ট্রায়াল প্রটোকল অনুমোদন করা হয়েছে।

ঔষধ প্রশাসন অধিদপ্তর অনুমোদিত CRO এর তালিকাঃ

Sl. No	Contract Research Organization (CRO) Name & Address
1.	M/S. Clinical Research Organization Ltd. Clinical site: Farabi General Hospital Road-14(New), House-8/3, Dhanmondi, Dhaka. E-mail: shawpnil@gmail.com Mobile: 01711567275
2.	M/S. Khwaja Yunus Ali Bio-Research Services Enayetpur, P.S- Enayetpur Sharif, Upazilla-Chowhali, Dist -Sirajgong. E-mail: info@kyameh.org
3.	M/S. Eminence Associates for Social Development 3/6 Asad Avenue, Mohammadpur, Dhaka-1207 Contact No: 01713066602, Email: ceo@eminence-bd.org Clinical site: Care Hospital Diagnostic (Pvt) Ltd. 2/1-A, Iqbal Road, Mohammadpur, Dhaka. Email: moazzam@citecho.net Mobile: 01733588337
4.	M/S ESKEGEN Limited (CRO) House No: 66, Road: 08, Block: C, Niketon, Gulshan-1, Dhaka-1212.
5.	M/S. Bangladesh Clinical Trail Limited (BCTL) Unique Heights (Level-8), 117, Kazi Nazrul Islam Avenue, Ramna, Dhaka-1217.
6.	M/S. CRO DMC (Clinical Trial Center/ Contract Research Organization, Dhaka Medical College)
7.	M/S. Novas Clinical Research Seviles Ltd. (NCRSL) 1/1/B, Paribagh, Dhaka-1000. (Previous Name and Address: M/S. Beximco Bioequivalence Center). E-mail: dka@bpl.net.drk E-mail: azireshad@yahoo.com
8.	M/S. Child Health Research Foundation (CHRF) SEL Huq, Dkypark, 23/2 Khilji Road, Block-B, (Mirpur Road), Mahammodpur, Dhaka-1207.
9	International Centre for Diarrhoeal Disease Research Address: Bangladesh (icddr,b), 68 Shaheed Tajuddin Ahmed Soroni Mohakhali, Dhaka-1212
10.	M/S. Institute for Developing Science and Health Initiatives (ideSHi) Office- House 48, Block B, Road 9, Bashundhara, Dhaka-1229. Analytical Facility – 9 Mohakhali C/A (Amtoli), Hosaf High Tower National Bank Building, 8 <sup>th</sup> Floor, Dhaka-1212. Clinical site- Farabi General Hospital, Road-14 (New), House-8/3, Dhanmondi, Dhaka.
11	M/S. Bangabandhu Sheik Mujib Medical University (BSMMU) Address: Shahabag, Dhaka-1000. Hospital Facility: Bangabandhu Sheik Mujib Medical University (BSMMU) Shahabag, Dhaka-1000
12	M/S. Projahnmo Research Foundation Administrative Office: Flat- 5D, House No-37, Road No-27, Block-A, Banani, Dhaka-1213. Hospital/Research site: Centre for Woman and Child Health (CWCH), Ashulia, Dhaka-1349

SI. No	Contract Research Organization (CRO) Name & Address
13	M/S. Dev Care Foundation Address: 1501/B, O.R Nizam Road, Mehediabag, Chattogram. Hospital Facility: Max Hospital Ltd., 35/36, Mehediabag, Chattogram.
14	M/S. Filaria and General Hospital. Address: Kalma-1, South Zinzira, P.O-Dairy Firm, Savar, Dhaka-1341.
15.	The Leprosy Mission Intemational-Bangladesh Address: House No - 488A, Road No-32, New DOHS, Mohakhali, Dhaka
16.	Advance Bioresearch Solution-BD Address: Mukto Bangla Shopping Complex, 7ft Floor, No-120, Mazar Main Road-1 Mirpur, Dhaka
17.	M/S. AMZ Hospital Ltd. Address: Cha-80/3, Sadhinota Swaroni, Uttar Badda, Dhaka.
18.	Clinical Studies and Research Outreach Department of Pathology Faculty of Veterinary Science, Bangladesh Agricultural University, Mymensing

### ৯.১০ ঔষধ প্রশাসন অধিদপ্তরের Antimicrobial Resistance সংক্রান্ত কার্যক্রমঃ

“এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিতরণ (Dispensing), ব্যবহার (Use) এবং বিনষ্টকরণ (Disposal) ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় নির্দেশিকা -বাংলাদেশ” প্রণয়নঃ

দেশে লাইসেন্সধারী ফার্মেসীর সংখ্যা প্রায় ২,১৬,৭৯১ যেখানে যথাযথভাবে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং (মানুষ ও প্রাণি চিকিৎসায়) এবং অব্যবহৃত ও মেয়াদোত্তীর্ণ এন্টিমাইক্রোবিয়াল ঔষধের ডিসপোজাল একটি গুরুত্বপূর্ণ বিষয় যা এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রাল সৃষ্টিতে ভূমিকা রাখে। National Strategy and Action Plan for Antimicrobial Resistance Containment in Bangladesh (2021-2026) এ অনুচ্ছেদ-৫.১.৯, ৭.২.১, ৭.২.২, ৭.২.৩ এবং ৭.২.৫ মোতাবেক এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর ডিসপেন্সিং এবং ডিসপোজাল পলিসি প্রণয়নের কথা বলা হয়েছে। যার পরিপ্রেক্ষিতে ঔষধ প্রশাসন অধিদপ্তর “বাংলাদেশে এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিতরণ, ব্যবহার এবং নিষ্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় নির্দেশিকা” প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহায়তায় গাইড লাইনটি প্রণয়নের লক্ষ্যে working committee, stakeholder consultation meeting এবং taskforce to monitor AMC/U Bangladesh এর সভা অনুষ্ঠিত হয়েছে। গাইডলাইনটি চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে। ১৮-২৬ নভেম্বর দেশ ব্যাপী Antibacterial week পালন করা হয়।

#### Taskforce to monitor AMC/U Bangladesh এর সভাঃ

০৩ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ Taskforce to monitor AMC/U Bangladesh এর একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মেজর জেনারেল মোহাম্মদ ইউসুফ, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। সভায় CDC, IEDCR, DLS, BLRI, BSMMU, DOF, FAO, USAID, USP-PQM+, BHB, Fleming Fund Bangladesh Country Grant এবং WHO Bangladesh এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।






চিত্র: ০৩ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত Taskforce to monitor AMC/U Bangladesh এর সভা

সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- (ক) Antimicrobial Consumption Surveillance ২০২১ অনুমোদিত হয়।
- (খ) Standard Operating Procedure (SOP) for AMC Surveillance in Veterinary Medicines অনুমোদিত হয়।
- (গ) “বাংলাদেশে এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিতরণ, ব্যবহার এবং নিষ্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় নির্দেশিকা” নিম্নোক্ত শর্তে অনুমোদিত হয়:
  - স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

World AMR Awareness Week উপলক্ষে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রণীত ১০ টি পোস্টার অনুমোদন করা হয়ঃ



### ফাংগাল মেনিনজাইটিস একটি বিরল, প্রাণঘাতী ছত্রাক সংক্রমণ

একবার লক্ষণ শুরু হলে, ফাংগাল মেনিনজাইটিস চিকিৎসা করা কঠিন। প্রতিটি মুহূর্তে প্রতিকূল, জটিলতা বা কয়েক মিনিটের মধ্যে মৃত্যু।

হাস-বাতাসে ইনফেকশন ছিটকিনিয়া একে অপসারণ প্রক্রিয়ায় সহায়তা করে না কারণ এতে চিকিৎসা পদ্ধতির সময় ফাংগাল মেনিনজাইটিস সংক্রমিত হয়ে পারে।

WHO, Bangladesh Health Services, Sweden Sverige, World Health Organization Bangladesh

### এন্টিফাংগাল রেজিস্ট্র্যাম সম্পর্কে সচেতন হই

জানকালু পরিভ্রমণের কারণে ফাংগাল ইনফেকশন বৃদ্ধি পেয়েছে। এন্টিফাংগাল রেজিস্ট্র্যাম থেকে সচেতন হই।

**স্বাস্থ্য**  
মনিরুল করিম।

WHO, Bangladesh Health Services, Sweden Sverige, World Health Organization Bangladesh

### এন্টিফাংগাল রেজিস্ট্র্যাম সম্পর্কে সচেতন হই

রেজিস্ট্রার্ড চিকিৎসকের প্রেসক্রিপশন অনুযায়ী এন্টিফাংগাল ঔষধের ফুল কোর্স সম্পন্ন না করা এবং জনবহুল পরিবেশে অপরিষ্কার-অপরিষ্কৃত জীবনযাপন এন্টিফাংগাল রেজিস্ট্র্যামের অন্যতম কারণ।

WHO, Bangladesh Health Services, Sweden Sverige, World Health Organization Bangladesh

### এন্টিফাংগাল রেজিস্ট্র্যাম সম্পর্কে সচেতন হই

ফাংগাল ইনফেকশনকে অবহেলা করা যাবে না। এটি মৃত্যুর কারণ হতে পারে। যেকোনো ফাংগাল ইনফেকশনে রেজিস্ট্রার্ড চিকিৎসকের পরামর্শ লিখ।

WHO, Bangladesh Health Services, Sweden Sverige, World Health Organization Bangladesh

## SOP for Antimicrobial Consumption (AMC) for Veterinary Medicine in Bangladesh:

ঔষধ প্রশাসন অধিদপ্তর National Centre for Antimicrobial Consumption (AMC) Surveillance in Bangladesh হিসেবে ২০১৯ সাল থেকে Antimicrobial Consumption (AMC) Surveillance for human medicine পরিচালনা করে আসছে এবং ২০২২ সাল থেকে WHO-GLASS এ রিপোর্ট করে আসছে। ঔষধ প্রশাসন অধিদপ্তর human এবং veterinary medicine উভয় ক্ষেত্রেই National Regulatory Authority হিসেবে দায়িত্ব পালন করে থাকে। বর্তমানে Antimicrobial Resistance (AMR) মোকাবেলায় human এর পাশাপাশি veterinary সেক্টরেও surveillance system establish করা প্রয়োজন। ঔষধ প্রশাসন অধিদপ্তর Antimicrobial Consumption (AMC) Surveillance for veterinary medicine পরিচালনার লক্ষ্যে system establish করার উদ্যোগ নিয়েছে এবং DLS, BLRI, DOF, FAO, Fleming Fund Bangladesh Country grant এবং WHO Bangladesh এর সহযোগীতায় SOP টি প্রণয়ন করেছে।

রাজশাহী এবং চট্টগ্রাম বিভাগে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাক্স বিষয়ে সচেতনতামূলক সভার আয়োজন এবং ফিজিশিয়ানদের মাঝে ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং সিডিসি কর্তৃক প্রণীত “WHO AWaRe” পোস্টার বিতরণ:

১৫ মার্চ, ২০২৩ রাজশাহী বিভাগে এবং ০৩-০৪ জুন, ২০২৩ চট্টগ্রাম বিভাগে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাক্স বিষয়ে সচেতনতামূলক সভার আয়োজন করা হয়। দুই দিন ব্যাপি উক্ত সভাসমূহে ফিজিশিয়ান এবং ফার্মেসী রিটেইলারদের নিয়ে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাক্স বিষয়ে সচেতনতামূলক বিভিন্ন আলোচনা করা হয় এবং ফিজিশিয়ানদের মাঝে ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং সিডিসি কর্তৃক প্রণীত “WHO AWaRe” পোস্টার বিতরণ করা হয়।



চিত্র: রাজশাহী এবং চট্টগ্রাম বিভাগে অনুষ্ঠিত এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাক্স বিষয়ে সচেতনতামূলক সভা

## শিক্ষার্থীদের মাঝে Antimicrobial Resistance বিষয়ে সচেতনতামূলক অনুষ্ঠানঃ

বিশ্ব স্বাস্থ্য সংস্থা এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাক্সকে (AMR) মানব সভ্যতার জন্য ১০ টি শীর্ষ স্বাস্থ্য হুমকির মধ্যে অন্যতম একটি স্বাস্থ্য হুমকি হিসেবে ঘোষণা করেছে। বর্তমানে প্রতিবছর ১২ লক্ষ ৭০ হাজার মানুষ এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাক্স এর কারণে মারা যাচ্ছে। এভাবে চলতে থাকলে ২০৫০ সালে মারা যাবে ১ কোটি মানুষ। অপ্রয়োজনে বা ডাক্তারের প্রেসক্রিপশন ছাড়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধ বিশেষ করে এন্টিবায়োটিক স্বেচ্ছায় সেবন (self-medication), এন্টিবায়োটিকের ফুল কোর্স সম্পন্ন না করা, পশু ও মৎস্য খাদ্য (ফিডে) বা চিকিৎসায় এন্টিবায়োটিকের ব্যবহার এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাক্স এর প্রধানতম কারণ। আসন্ন এই মহামারীর হাত থেকে আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে রক্ষা করতে হলে সচেতন হতে হবে আমাদের এখন থেকেই। শিশুরাও যেন বিষয়টি বুঝতে পারে, তারা নিজেরা সচেতন হয়ে বাবা-মা সহ আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সচেতন করতে পারে, এ লক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তর এর পক্ষ হতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহযোগীতায় ০১ ফেব্রুয়ারী, ২০২৩ তারিখ ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, বেইলী রোড, ঢাকায় এবং ২৩-২৪ সেপ্টেম্বর, ২০২৩ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম এর শিক্ষার্থীদের মাঝে Antimicrobial Resistance বিষয়ে সচেতনতামূলক অনুষ্ঠান এবং চিত্রাঙ্কন প্রতিযোগীতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে ঔষধ প্রশাসন অধিদপ্তর হতে প্রকাশিত এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাক্স সম্পর্কিত কমিক্স বই “টিনু-মিনু ও সুপার বাগ”, coloring book "The Invention of Penicillin" বিতরণ করা হয়। বইটির মাধ্যমে ডাক্তারের পরামর্শ ছাড়া এন্টিবায়োটিক সেবনের ভয়াবহতা সম্পর্কে সহজ ভাষায় শিশুদেরকে বুঝানো হয়েছে। মূলতঃ এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাক্স সম্পর্কে সচেতনতা সৃষ্টির জন্যই স্কুলের শিক্ষার্থীদের নিয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরের এই আয়োজন।



চিত্র: চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম এর শিক্ষার্থীদের মাঝে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতা।



চিত্র: ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, বেইলী রোড, ঢাকা এর শিক্ষার্থীদের মাঝে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

এছাড়াও Antimicrobial Resistance বিষয়ে সচেতনতামূলক এনিমেশন “টিনু-মিনু ও সুপার বাগ” প্রস্তুত করা হয়েছে।

### ১০। ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক পরিচালিত কিছু বিশেষ অভিযানঃ



চিত্রঃ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন, দিনাজপুর কর্তৃক পরিচালিত অভিযান।



চিত্রঃ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন, টাঙ্গাইল কর্তৃক পরিচালিত অভিযান।



চিত্রঃ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন, ফেনী কর্তৃক পরিচালিত অভিযান।



চিত্রঃ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন, ময়মনসিংহ কর্তৃক পরিচালিত অভিযান।



চিত্রঃ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন, ভোলা কর্তৃক পরিচালিত অভিযান।



চিত্রঃ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন, নেত্রকোনা কর্তৃক পরিচালিত অভিযান।





চিত্রঃ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন, বগুড়া কর্তৃক পরিচালিত অভিযান।



চিত্রঃ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন, সিলেট কর্তৃক বালাগঞ্জ উপজেলায় মোবাইল কোর্ট অভিযান।



চিত্রঃ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন, সিলেট কর্তৃক কোম্পানীঞ্জ উপজেলায় বিভিন্ন ফার্মেসী পরিদর্শন।



চিত্রঃ বিভাগীয় কার্যালয়, ঔষধ প্রশাসন, চট্টগ্রাম কর্তৃক পরিচালিত অভিযান।



চিত্রঃ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন, কক্সবাজার কর্তৃক পরিচালিত অভিযান।

১১. ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরে সম্পাদিত কার্যাবলীঃ

ক্রমিক নং	বিষয়	সংখ্যা (টি)
০১	ঔষধ উৎপাদনের অনুমোদিত প্রকল্প	১৮
০২	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন সাময়িক বাতিল	২৪
০৩	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের লাইসেন্স সাময়িক বাতিল	০৪

১২. ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিসংখ্যানঃ

Types of Products	No. of Production Units	Functional	Production Marketing Held-up	Suspend	Non-Functional
Allopathic	302	229	08	63	02
Unani	286	252	-	32	02
Ayurvedic	207	163	5	38	01
Homoeopathic	71	53	-	18	-
Herbal	39	36	-	3	-
<b>Total :</b>	<b>905</b>	<b>733</b>	<b>13</b>	<b>156</b>	<b>05</b>

ঔষধ প্রশাসন অধিদপ্তরের জেলা ভিত্তিক মোট ড্রাগ লাইসেন্স সংখ্যাঃ


ক্রমিক নং	জেলার নাম	মোট ড্রাগ লাইসেন্স সংখ্যা জুন ২০২৩
০১	ঢাকা	২২৯৫৮
০২	ঢাকা বিভাগীয় কার্যালয়	৫১৩৫
০৩	নারায়নগঞ্জ	৩৬৯৬
০৪	মুন্সিগঞ্জ	১৫৩২
০৫	নরসিংদী	২০৭৫
০৬	গাজীপুর	৪১৭৭
০৭	মানিকগঞ্জ	১৫৫৬
০৮	টাংগাইল	৫৩২৪
০৯	কিশোরগঞ্জ	৩১৬২
১০	ফরিদপুর	৩৮০৪
১১	রাজবাড়ী	১৫৬১
১২	শরিয়তপুর	১৩৩৪
১৩	মাদারীপুর	২১৪৮
১৪	গোপালগঞ্জ	১৯৫২
১৫	ময়মনসিংহ	৫৭১৬
১৬	জামালপুর	২৩৭৬
১৭	নেত্রকোনা	১৯১১
১৮	শেরপুর	১৩৮৬
১৯	সিলেট	৪৮৪৮
২০	মৌলভীবাজার	২৭৭৬
২১	সুনামগঞ্জ	২৩৯২
২২	হবিগঞ্জ	১৬৩৭
২৩	চট্টগ্রাম	১৪৮৮৯
২৪	ব্রাহ্মণবাড়িয়া	২৯১৩
২৫	কুমিল্লা	৭৩৮১
২৬	চাঁদপুর	৩৪২৭
২৭	ফেনী	২০১৯
২৮	খাগড়াছড়ী	৭৪৩
২৯	লক্ষীপুর	২২০০
৩০	রাঙ্গামাটি	৬৭৯
৩১	কক্সবাজার	৩৫০০
৩২	বান্দরবান	৫১২
৩৩	নোয়াখালী	২৭৫১

ক্রমিক নং	জেলার নাম	মোট ড্রাগ লাইসেন্স সংখ্যা জুন ২০২৩
৩৪	বরিশাল	৪৪৬৫
৩৫	ঝালকাঠী	৯৮৯
৩৬	পিরোজপুর	৩০০৫
৩৭	পটুয়াখালী	২০৬৮
৩৮	বরগুনা	১৪৮৬
৩৯	ভোলা	১৮৩০
৪০	রংপুর	৪১৪১
৪১	দিনাজপুর	৫০৭১
৪২	নীলফামারী	২৩০৭
৪৩	ঠাকুরগাঁও	২২৮৬
৪৪	পঞ্চগড়	১৪২৪
৪৫	লালমনিরহাট	১৪৬০
৪৬	কুড়িগ্রাম	২১২৫
৪৭	গাইবান্ধা	১৭১২
৪৮	খুলনা	৫৪৫৯
৪৯	বাগেরহাট	২০৭২
৫০	কুষ্টিয়া	৩০৫২
৫১	যশোর	৪৭৮৫
৫২	নড়াইল	১১৯৭
৫৩	চুয়াডাঙ্গা	৩২৬১
৫৪	মেহেরপুর	১২১১
৫৫	বিনাইদহ	২৭৮২
৫৬	মাগুড়া	১৩৫৪
৫৭	সাতক্ষীরা	৩৫২৭
৫৮	রাজশাহী	৩৯৫৯
৫৯	সিরাজগঞ্জ	৩৭৮৪
৬০	নওগাঁ	৪৪১৪
৬১	নাটোর	২১৭৬
৬২	পাবনা	৪৩৩৩
৬৩	বগুড়া	৫৮৯৭
৬৪	চাঁপাইনবাবগঞ্জ	২৭৪৯
৬৫	জয়পুরহাট	১৯৪০
সর্বমোট		২,১৬,৭৯১

১৩। ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকাণ্ডঃ

১৩.১। ২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত খুচরা ড্রাগ লাইসেন্স নবায়নের তুলনামূলক পরিসংখ্যানঃ


সাল	খুচরা ড্রাগ লাইসেন্স নবায়নের সংখ্যা
২০১৮-২০১৯	৩৭,০২৯
২০১৯-২০২০	২৯,৭০০
২০২০-২০২১	৩২,৮৯৮
২০২১-২০২২	৩৫,৫৩০
২০২২-২০২৩	৪২,৮৯৬



চিত্রঃ ২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত খুচরা ড্রাগ লাইসেন্স নবায়নের তুলনামূলক পরিসংখ্যান।

১৩.২। ২০১৮-২০১৯ হতে ২০২২- ২০২৩ অর্থ বছর পর্যন্ত পরিদর্শনকৃত ফার্মেসীর পরিসংখ্যানঃ


সাল	পরিদর্শনকৃত ফার্মেসীর সংখ্যা
২০১৮-২০১৯	৫৯৮৮৩
২০১৯-২০২০	৫৫২০০
২০২০-২০২১	৩৬৪৪১
২০২১-২০২২	৫৪৮৩৯
২০২২- ২০২৩	৬৩৭৯১



চিত্রঃ ২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত পরিদর্শনকৃত ফার্মেসীর তুলনামূলক চিত্র

১৩.৩। ২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত পরিদর্শনকৃত ঔষধ প্রস্তুতকারী কারখানার তুলনামূলক পরিসংখ্যান (একাধিকবার পরিদর্শনসহ):

সাল	পরিদর্শনকৃত ঔষধ প্রস্তুতকারী কারখানার সংখ্যা (একাধিকবার পরিদর্শনসহ)
২০১৮-২০১৯	১৩৩৩
২০১৯-২০২০	১২০০
২০২০-২০২১	৮২৭
২০২১-২০২২	১৩২৯
২০২২-২০২৩	১২৪৪



চিত্র: ২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত পরিদর্শনকৃত ঔষধ প্রস্তুতকারী কারখানার তুলনামূলক পরিসংখ্যান

১৩.৪। ড্রাগ কোর্ট, ম্যাজিস্ট্রেট কোর্ট ও মোবাইল কোর্টে দায়েরকৃত মামলার বিবরণঃ ২০২২-২০২৩ অর্থ বছরেঃ


মাস	ঔষধ আদালতে দায়েরকৃত মামলা	ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরকৃত মামলা	মোবাইল কোর্টে দায়েরকৃত মামলা	জরিমানা (টাকা) মোবাইল কোর্ট	ফার্মেসী/প্রতিষ্ঠান সিলগালা
জুলাই'২২	০	২	১৬৪	২৭,১৩,১০০	০
আগস্ট'২২	০	০	২৬০	৫৭,৭০,৫০০	০
সেপ্টেম্বর'২২	১	৯	১৭০	১০,৯৩,৮০০	০
অক্টোবর'২১	১	২২	২২৮	২৭,৮০,২০০	০
নভেম্বর'২২	০	৮	১৮০	৩৪,৮৮,৫০০	০
ডিসেম্বর'২২	০	৬	১৭৪	২৯,১৫,০০০	০
জানুয়ারী'২৩	০	৩১	২৬৯	৩১,৯৩,৫০০	০
ফেব্রুয়ারী'২৩	০	৬৬	১৯৭	৪৫,৬২,০০০	৪
মার্চ' ২৩	১	৬৯	১৫৫	১৭,১৬,৩০০	০
এপ্রিল' ২৩	১	১৩	১২০	২২,৭৩,৫০০	০
মে' ২৩	১	২৬	২০৩	৯,৭২,২০০	০
জুন' ২৩	০	২৮	১৫০	৯,২৬,৪০০	০
মোট	৫	২৮০	২,২৭০	৬৮,৬৪,৩০০	৪

১৩.৫। ২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত দায়েরকৃত মামলার তুলনামূলক পরিসংখ্যানঃ

বছর	ঊষধ আদালতে দায়েরকৃত মামলা	ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরকৃত মামলা	মোবাইল কোর্টে মামলা	জরিমানা (টাকা)
২০১৮-২০১৯	৭	৫৩	২০২১	০৬ কোটি ৫১ লক্ষ ২৮ হাজার ৯৩৯ টাকা
২০১৯-২০২০	২	৪১	১৯৬৪	২৩ কোটি ২৯ লক্ষ ২০ হাজার ৭৬৮ টাকা
২০২০-২০২১	১৩	৯২	১৭১৫	০৭ কোটি ৫৮ লক্ষ ১০০ টাকা
২০২১-২০২২	২৬	১১১	২৯৬১	০৩ কোটি ৬৬ লক্ষ ৪৪ হাজার ৩০০ টাকা
২০২২-২০২৩	০৫	২৮০	২২৭০	০৩ কোটি ২৪ লাখ ০৫ হাজার টাকা

১৩.৬। ২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত রাজস্ব আদায়ের তুলনামূলক পরিসংখ্যানঃ


সাল	রাজস্ব আদায় (টাকা)
২০১৮-২০১৯	২০২৫২১৬৮৬.০০
২০১৯-২০২০	২০৪৭৪৩৫৬১.০০
২০২০-২০২১	১৬৫৫৫৪৭৩৩.০০
২০২১-২০২২	১৯৭৫৯৭০৩৮.০০
২০২২-২০২৩	২৪৫৯০১৪৬৯.০০



চিত্র: রাজস্ব আদায়ের তুলনামূলক পরিসংখ্যান।

১৩.৭। ২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত পরীক্ষা ও বিশ্লেষণের নিমিত্ত ড্রাগ টেস্টিং ল্যাবরেটরীতে প্রেরিত ঔষধের নমুনার তুলনামূলক পরিসংখ্যানঃ


সাল	প্রেরিত ঔষধের নমুনার সংখ্যা
২০১৮-২০১৯	৩৩০৪
২০১৯-২০২০	৩৩৯৭
২০২০-২০২১	৪৬৫৯
২০২১-২০২২	৩৭৪৭
২০২২- ২০২৩	৩৮৪৭



চিত্র: ড্রাগ টেস্টিং ল্যাবরেটরীতে ঔষধের নমুনা প্রেরণের তুলনামূলক চিত্র

১৩.৮। ২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী কর্তৃক প্রাপ্ত নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের তুলনামূলক পরিসংখ্যানঃ

সাল	প্রাপ্ত ঔষধের নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের সংখ্যা
২০১৮-২০১৯	২৩৩১
২০১৯-২০২০	৩৮০৯
২০২০-২০২১	৩৩৫০
২০২১-২০২২	৩৭৪৭
২০২২-২০২৩	৩৮৪৭



চিত্র : ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী কর্তৃক প্রাপ্ত নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের তুলনামূলক পরিসংখ্যান।

উল্লেখ্য, ২০২২-২০২৩ অর্থ বছরে ড্রাগ কন্ট্রোল ল্যাবরেটরী কর্তৃক পরীক্ষা ও বিশ্লেষণকৃত মোট ৩৮৪৭ টি নমুনা ঔষধের মধ্যে ৭৩ টি নমুনা মান-বহির্ভূত হয় এবং এর মধ্যে ১৬টি নমুনা Post Marketing Surveillance (PMS) মাধ্যমে পাওয়া যায়।

১৩.৯। ২০২২-২০২৩ অর্থ বছরে ঔষধ রপ্তানির জন্য ইস্যুকৃত CPP (Certificate of Pharmaceutical Product), রপ্তানি লাইসেন্স Form-10 A, GMP (Good Manufacturing Practices) সার্টিফিকেট, FSC (Free Sale Certificate) এর পরিসংখ্যানঃ

ইস্যুকৃত ACPP (Certificate of Pharmaceutical Product)	ইস্যুকৃত FSC ( Free Sale Certificate)	ইস্যুকৃত রপ্তানি লাইসেন্স Form-10 A	ইস্যুকৃত GMP (Good Manufacturing Practices) সার্টিফিকেট
৪০২৮	৬২২	১৫৯৯	৪৪

১৩.১০। DGDA Alert Notice:

ক্রমিক নং	Alert Notice date	Source	Subject	Manufacturer	Action by DGDA
০১	১৯/০৮/২০২২	WHO Medical product alert N° 4/2022	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলার্ট 4/2022 এ এই মর্মে সতর্ক করেছে যে, IPSEN কর্তৃক উৎপাদিত DYSPORT এর পাঁচটি নকল ব্যাচ জর্ডান, তুরস্ক, কুয়েত, যুক্তরাজ্য এবং পোল্যান্ডের বাজারে পাওয়া যাচ্ছে। DYSPORT এর আসল উৎপাদনকারী প্রতিষ্ঠান IPSEN জানিয়েছে যে, উল্লিখিত DYSPORT এর Vial এ লেবেলে প্রদর্শিত ব্যাচ নং, মেয়াদ উত্তীর্ণের তারিখ আলাদা। লেবেলে প্রদর্শিত প্যাকিং এর লেখায় বিভিন্ন ধরনের বৈসাদৃশ্য ও মুদ্রণে বিভিন্ন ধরনের ভুল রয়েছে।	IPSEN	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জব্দ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং হেলথকেয়ার প্রফেশনালদের উক্ত ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়।
০২	২৫/০৮/২০২২	WHO Medical product alert N° 5/2022	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলার্ট 5/2022 এ এই মর্মে সতর্ক করেছে যে, AstraZeneca কর্তৃক উৎপাদিত DIPRIVAN (Propofol) এর দুইটি নকল ব্যাচ ভেনেজুয়েলার বাজারে পাওয়া যাচ্ছে। DIPRIVAN এর আসল উৎপাদনকারী প্রতিষ্ঠান AstraZeneca জানিয়েছে যে, উল্লিখিত DIPRIVAN এর Vial এ লেবেলে প্রদর্শিত ব্যাচ নং, মেয়াদ উত্তীর্ণের তারিখ আলাদা। লেবেলে প্রদর্শিত প্যাকিং এর লেখায় বিভিন্ন ধরনের বৈসাদৃশ্য ও মুদ্রণে বিভিন্ন ধরনের ভুল রয়েছে।	Astra Zeneca	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জব্দ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং হেলথকেয়ার প্রফেশনালদের উক্ত ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়।
০৩	০৫/১০/২০২২	WHO Medical product alert N° 6/2022	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলার্ট 6/2022 এ এই মর্মে সতর্ক করেছে যে, আফ্রিকার দেশ গাম্বিয়ার বাজারে MAIDEN PHARMACEUTICALS LIMITED, Haryana, India কর্তৃক উৎপাদিত উল্লিখিত চারটি ঔষধে 1. PROMETHAZINE ORAL SOLUTION BP (Promethazine) 2. KOFEXMALIN BABY COUGH SYRUP (Pheniramine Maleate, Ammonium Chloride, Menthol)	MAIDEN PHARMACEUTICALS LIMITED, Haryana, India	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জব্দ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং হেলথকেয়ার প্রফেশনালদের উক্ত ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়।

ক্রমিক নং	Alert Notice date	Source	Subject	Manufacturer	Action by DGDA
			3. MAKOFF BABY COUGH SYRUP (Chlorphenamine Maleate, Phenylephrine HBR, Dextromethorphan syrup) 4. MAGRIP N COLD SYRUP (Paracetamol Phenylephrine HCL, Chlorphenamine Maleate) অনুমোদিত মাত্রার চেয়ে অতিরিক্ত পরিমাণ diethylene glycol এবং ethylene glycol এর উপস্থিতি পাওয়া যাচ্ছে যা মানব শরীরের জন্য ক্ষতিকর ও অনেক ক্ষেত্রে প্রাণঘাতী।		
০৪	০২/১১/২০২২	WHO Medical product alert N° 7/2022	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলাট 7/2022 এ এই মর্মে সতর্ক করেছে যে উল্লিখিত তিনটি উৎপাদনকারী প্রতিষ্ঠান PT Konimex, PT Yarindo Farmatama and Universal Pharmaceuticals Industries কর্তৃক উৎপাদিত পাঁচটি পদের সিরাপের বিষয়ে 1. TERMOREX SYRUP (Paracetamol 160mg), 2. FLURIN DMP SYRUP (Paracetamol 120mg, Chlorpheniramine maleate 0.5mg, Pseudoephedrine HCL 7.5mg and Dextromethorphan HBr 5mg) 3. UNIBEBI COUGH SYRUP (Paracetamol 120mg, Guaifenesin 25mg, Chlorpheniramine maleate 1mg 4. UNIBEBI DEMAM PARACETAMOL SYRUP (Paracetamol 120mg) 5. UNIBEBI FEVER DROPS (Paracetamol 100 mg) ইন্দোনেশিয়ার Drug Regulatory Authority Bandan, POM (National Agency of Drug and Food Control, Indonesia) দেশটিতে এলাট জারি করেছে বলে ঔষধ প্রশাসন অধিদপ্তরকে জানিয়েছে। উক্ত সিরাপগুলোতে মাত্রাতিরিক্ত পরিমাণে ইথিলিন গ্লাইকল এবং ডাই-ইথিলিন গ্লাইকল পাওয়া যাচ্ছে যা মানব শরীরের জন্য ক্ষতিকর ও অনেক ক্ষেত্রে প্রাণঘাতী।	PT Konimex, PT Yarindo Farmatama and Universal Pharmaceuticals Industries	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জন্ম করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং হেলথকেয়ার প্রফেশনালদের উক্ত ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়।
০৫	২৭/১২/২০২২	WHO Medical product alert N° 8/2022	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলাট 8/2022 এ এই মর্মে সতর্ক করেছে যে, CELON LABORATORIES, PVT LTD- Telangana State, India কর্তৃক উৎপাদিত RMPL PHARMA LLP-Mumbai কর্তৃক বাজারজাতকৃত METHOTREX 50mg এর একটি WHO Eastern Mediterranean region লেবানন ও ইয়েমেনের Health Authority কর্তৃক Substandard ঘোষিত হয়েছে। মাইক্রোবিয়াল পরীক্ষা করে উক্ত ব্যাচটির ঔষধে Pseudomonas aeruginosa এর উপস্থিতি সনাক্ত হওয়ায় লেবানন ও ইয়েমেনের Health authority উক্ত ব্যাচটি Substandard ঘোষণা করেছে।	CELON LABORATORI ES, PVT LTD. Telangana State, India	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জন্ম করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং হেলথকেয়ার প্রফেশনালদের উক্ত ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়।

ক্রমিক নং	Alert Notice date	Source	Subject	Manufacturer	Action by DGDA
০৬	১১/০১/২০২৩	WHO Medical product alert N° 1/2023	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলার্ট 1/2023 এ এই মর্মে সতর্ক করেছে যে, MARION BIOTECH PVT. LTD (Uttar Pradesh, India) কর্তৃক উৎপাদিত AMBONOL syrup and DOK-1 Max syrup প্রোডাক্ট দুইটি উজবেকিস্তান এবং কম্বোডিয়াতে substandard (Contaminated) হিসেবে চিহ্নিত হয়েছে। AMBONOL syrup and DOK-1 Max syrup এর আসল উৎপাদনকারী প্রতিষ্ঠান MARION BIOTECH PVT. LTD (Uttar Pradesh, India) জানিয়েছে যে, উল্লিখিত AMBONOL syrup and DOK-1 Max syrup সিরাপগুলোতে মাত্রাতিরিক্ত পরিমাণে ইথিলিন গ্লাইকল এবং ডাই-ইথিলিন গ্লাইকল পাওয়া যাচ্ছে যা মানব শরীরের জন্য ক্ষতিকর ও অনেক ক্ষেত্রে প্রাণঘাতী।	MARION BIOTECH PVT. LTD (Uttar Pradesh, India)	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জন্ম করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং হেলথকেয়ার প্রফেশনালদের উক্ত ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়।
০৭	২২/০২/২০২৩	WHO Medical product alert N° 2/2023	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলার্ট 2/2023 এ এই মর্মে সতর্ক করেছে যে, Galentic Pharma (India) Pvt. Ltd কর্তৃক উৎপাদিত TETRACYCLINE HYDROCHLORIDE OPHTHALMIC OINTMENT USP 1% টি বিভিন্ন দেশে বিভিন্ন লেবেল এ সাপ্লাই করা হয়েছে। এ ক্ষেত্রে উল্লিখিত প্রোডাক্টের Particles এর ব্যাচ টু ব্যাচের ভিন্নতা পরিলক্ষিত হয়েছে। Particles এর কালার, সাইজ, শেইপ এবং ক্যাপ ও নজেলের ভিন্নতা পরিলক্ষিত হয়েছে। কোম্পানি কর্তৃক এলার্টে উল্লিখিত ব্যাচসমূহের voluntary recall করা হয়েছে।	Galentic Pharma (India) Pvt. Ltd	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জন্ম করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং হেলথকেয়ার প্রফেশনালদের উক্ত ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়।
০৮	১১/০৪/২০২৩	WHO Medical product alert N° 3/2023	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলার্ট 3/2023 এ এই মর্মে সতর্ক করেছে যে, Gentium Srl কর্তৃক উৎপাদিত DEFITELIO 80mg/ml concentrate for solution for infusion এর একটি নকল ব্যাচ কিরগিজস্তান ও সংযুক্ত আরব আমিরাতের বাজারে পাওয়া যাচ্ছে। DEFITELIO 80mg/ml concentrate for solution for infusion এর আসল উৎপাদনকারী প্রতিষ্ঠান Gentium Srl জানিয়েছে যে, উল্লিখিত DEFITELIO 80mg/ml concentrate for solution for infusion এর লেবেলে প্রদর্শিত ব্যাচ নং, মেয়াদ উত্তীর্ণের তারিখ আলাদা। লেবেলে প্রদর্শিত প্যাকিং এর লেখায় বিভিন্ন ধরণের বৈসাদৃশ্য ও মুদ্রণে বিভিন্ন ধরণের ভুল রয়েছে।	Gentium Srl	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জন্ম করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং হেলথকেয়ার প্রফেশনালদের উক্ত ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়।
০৯	২৫/০৪/২০২৩	WHO Medical product alert N° 4/2023	বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সম্প্রতি মেডিক্যাল প্রোডাক্ট এলার্ট 4/2023 এ এই মর্মে সতর্ক করেছে যে, QP PHARMACHEM LTD (Punjab, India) কর্তৃক উৎপাদিত এবং TRILLIUM PHARMA (Haryana, India) কর্তৃক বাজারজাতকৃত এUAI FENESIN SYRUP TG SYRUP এর একটি নকল ব্যাচ মার্শাল আইল্যান্ড ও মাইক্রোনেশিয়ার বাজারে পাওয়া যাচ্ছে। GUAIFENESIN SYRUP TG SYRUP টি Therapeutic Goods Administration (TGA) এর কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরীতে পরীক্ষা হলে দেখা যায় এতে Di-Ethylene Glycol I Ethylene Glycol অগ্রহণযোগ্য মাত্রায় কন্টামিনেন্ট বা ভেজাল হিসেবে পাওয়া গিয়েছে। Di-Ethylene Glycol I Ethylene Glycol মানব শরীরের জন্য ক্ষতিকর ও অনেক ক্ষেত্রে প্রাণঘাতী।	QP PHAR- MACHEM LTD (Punjab, India)	ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে উক্ত নমুনা বাজারে পাওয়া গেলে জন্ম করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং হেলথকেয়ার প্রফেশনালদের উক্ত ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়।

**১৪। তথ্য অধিকার আইন অনুযায়ী সরবরাহকৃত তথ্যের বিবরণীঃ**

তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে ২০২২-২০২৩ সালের সমন্বিত তথ্যাদি

কর্তৃপক্ষের নাম	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ফরমেট অনুযায়ী তথ্য সরবরাহের জন্য আবেদনের সংখ্যা	তথ্য সরবরাহের মাধ্যমে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা	অনুরোধকৃত তথ্য না দেয়ার সিদ্ধান্তের সংখ্যা ও উক্ত সিদ্ধান্ত গ্রহণের কারণ	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপীলের সংখ্যা	আপীল নিষ্পত্তির সংখ্যা	কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার সংখ্যা	তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ এর বিধি ৮ অনুযায়ী তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ	কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবরণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী ঢাকা -১২১২	০৬ (ছয়) টি	০৪ (চার) টি	০২ (দুই) টি তথ্য প্রাপ্তির ক্ষেত্রে বিষয়গুলোর স্পষ্ট বর্ণনা দেওয়া ছিল না।	নাই	-	নাই	নাই	ঔষধ প্রশাসন অধিদপ্তরের ই-মেইল, ফেইসবুকের মাধ্যমে নিয়মিত তথ্য পদান করা হয়ে থাকে।	নাই

**১৫। ঔষধ প্রশাসন অধিদপ্তরের মানব সম্পদ উন্নয়ন কার্যক্রমঃ**

১৫.১ দেশে প্রশিক্ষণ কর্মশালা: ২০২২-২০২৩

ক্রমিক নং	শিরোনাম	স্থান	সময় কাল	অংশগ্রহণকারী কর্মকর্তা/ কর্মচারীদের মোট সংখ্যা
১	বাংলাদেশ GHSA এর লক্ষ্য অর্জনে অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যাস এবং জুনোসিস প্রতিরোধ	ইন্টারকন্টিনেন্টাল হোটেল এর গ্র্যান্ড বলরুম	১৯ জুলাই-২০২২	০৩
২	Seminar of Pharmaceutical Quality Management Policy and Practice for Bangladesh	অনলাইন	২০-১০- ২০২২	২০
৩	WHO informal consultation on revision of guideline to assure the quality, safety and efficacy of live attenuated Rotavirus vaccines	জুম মিটিং	১৫-১৭ নভেম্বর ২০২২	০১
৪	Working Group(NSW-WG)	জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষ	২৪-২৫ আগস্ট	০২
৫	চতুর্থ শিল্পবিপ্লবের উপযোগী প্রকল্প/উদ্যোগ গ্রহণ এবং চতুর্থ শিল্পবিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন	গাংচিল অডিটোরিয়াম, প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও	১২-১৪ সেপ্টেম্বর-২০২২	০৪
৬	Public Private Partnership in Health, Population and Nutrition (HPN) Sector.	স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, সম্মেলন কক্ষ	১৮-২২ সেপ্টেম্বর-২০২২	০২
৭	NSSS ACTION plan, phase-2(2021-26)- Baseline Assessment and Forward	বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র	০৬, ১০, ১৩ নভেম্বর, ২০২২	০২

ক্রমিক নং	শিরোনাম	স্থান	সময় কাল	অংশগ্রহণকারী কর্মকর্তা/ কর্মচারীদের মোট সংখ্যা
৮	Gender Responsive Building	স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের সম্মেলন কক্ষ	১৬-২০ অক্টোবর-২০২২	০১
৯	Environment Radioactivity Monitoring Course	পরমাণু শক্তি গবেষণা টেনিং ইনস্টিটিউট, সাভার	১৫-১৯ জানুয়ারি, ২০২৩	০১
১০	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা	মন্ত্রিপরিষদ বিভাগের সভা কক্ষ	২০ মার্চ, ২০২৩	০২
১১	GO NGO Collaboration in HPNSP	স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, সম্মেলন কক্ষ	০৩-০৫ এপ্রিল, ২০২৩	০২
১২	Stock verification	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের সচিবের অফিস কক্ষ	১৩-৪-২০২৩	০১
১৩	Digital Data Management for Government Officials	জুম মিটিং	১৪-২৫ মে, ২০২৩	০১
১৪	Short Training Course on Policy Planning of sector program	স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, সম্মেলন কক্ষ	০৪-০৬ জুন, ২০২৩	০৩
১৫	Training on Public Financial Concepts, Rules and procedures	ইন্সটিটিউট অব পাবলিক ফাইন্যান্স	১-২১ জুন, ২০২৩	০২

১৫.২ বিদেশে প্রশিক্ষণ কর্মশালা: ২০২২-২০২৩

ক্রমিক নং	শিরোনাম	স্থান ও সময়কাল	উদ্যোক্তা	অংশগ্রহণকারী কর্মকর্তা/ কর্মচারীদের নাম
১	Regulatory System on Ensuring Acces to Quality	<b>Japan</b> ৬ জুলাই/২০২৩ হতে ১১ আগস্ট/২০২৩	Japan International Cooperation Agency (JICA)	জনাব মোঃ অজিউল্লাহ সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
২	Cobultative Meeting on good manufacturing Practices and Inspection	<b>Geneva, Switzerland,</b> ২৭ হতে ২৯ জুন, ২০২৩	World Health Organization	ডা. মোঃ হারুন অর রশিদ ডেপুটি চীফ, ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
৩	21" CPHI and PMEC1 China 2023 and Health-care	<b>Sanghai, Chaina,</b> ১৯ হতে ২১ জুন, ২০২৩	CCPIT Light Industry Sub Council	মেজর জেনারেল মো: ইউসুফ, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
৪	The Antibiotic Access and Use (ABACUS) II Conference	<b>Bangkok, Thailand</b> ১১ হতে ১২ জুন, ২০২৩	The ABACUS II Project	মেজর জেনারেল মো: ইউসুফ, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
৫	5th ARAB PHARMA MANUFACTURES EXPO 2023	<b>Amman, Jorden,</b> ১১ হতে ১২ জুলাই, ২০২৩	Arab Union of the Manufactures of Pharmaceuticals and Medical Appliances (AUPAM)	মেজর জেনারেল মো: ইউসুফ, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা

ক্রমিক নং	শিরোনাম	স্থান ও সময়কাল	উদ্যোক্তা	অংশগ্রহনকারী কর্মকর্তা/ কর্মচারীদের নাম
৬	Regional Traditional Medicine (TRM) programme Managers meeting for WHO South East Asia Region to review-WHO traditional medicine strategy, 2014-2023	<b>New Delhi, India</b> ০৭ হতে ০৯ জুন, ২০২৩	World Health Organization	মেজর জেনারেল মো: ইউসুফ, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
৭	The Seventh Meeting of the Asia Pacific Network on Access to Medicine Under Universal Health Coverage	<b>New Delhi, India</b> ১৩ হতে ১৩ জুন, ২০২৩	World Health Organization	জনাব মোঃ নূরুল আলম, উপপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
৮	Data Requirements for Licensure of Nipah and Chikungunya Vaccines—A Discussion with Medicines Regulatory Authorities	<b>Kuala Lumpur, Malaysia</b> ২১ হতে ২২ জুন, ২০২৩	Coalition for Epidemic Preparedness Innovations (CEPI)	জনাব মোঃ সালাহউদ্দিন পরিচালক (চঃদাঃ), ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
